৩১ এই য়িহ্‌ওহার দৃষ্টে ভাল হইবে শৃঙ্গ ও খুরযুক্ত গরু
৩২ কিম্বা আড়িয়া হইতে। নম্র লোক তাহা
দেখিবে ও আনন্দ করিবে হে ঈশ্বর চেষ্টকেরা
৩৩ তোমারদের অন্তঃকরণ সদাকাল বাঁচিবে। কেননা
য়িহ্‌ওহা শুনেন তন্নাস্তিক লোককে এবং তুচ্ছ না
৩৪ করেন তাহার বন্ধিতেরদিগকে। স্বর্গ ও পৃথিবী
তোমার স্তব করুক সমুদ্র ও যাহা নড়ে তাহাতে
৩৫ কেননা ঈশ্বর ত্রাণ করিবেন চীয়নকে তিনি গাঁথিবেন
য়িহোদার সহর এবং তাহারা সেস্থানে বাস করিবে
৩৬ ও তাহা লইবে অধিকারের কারণ। তাহার দাসের
সন্তানেরা ও তাহার অধিকার লইবে যাহারা প্রেম
করে তাহার নাম তাহারা বাস করিবে তাহাতে।

## জয়ীকে দাঊদের গীত মনে দেওনার্থে।

গীত ৭০ হে ঈশ্বর শীঘ্র আইস আমার মুক্ত্যর্থে হে য়িহ্‌ওহা
আমার উপকার করণেতে। যাহারা আমার প্রাণ চেষ্টা
করে তাহারা লজ্জিত ও বিবর্ণ হউক আমার হিংসু
৩ কেরদিগকে ফিরিত হইয়া বিবর্ণ হউক। যাহারা বলে
আহ্বা তাহারা ফিরিত হউক তাহারদের লজ্জার
৪ ফলেতে যাহারা চেষ্টা করে তোমাকে তাহারা
হরিষ ও আনন্দিত হউক যাহারা প্রেম করে তোমার
ত্রাণ তাহারা নিত্য কহুক হউক ঈশ্বরের সম্ভ্রম।
৫ কিন্তু আমি দুঃখিত ও দিনহীন হে আমার উপকারি
ও তারক শীঘ্র আইস হে য়িহ্‌ওহা বিলম্ব করিও
না।

গীত ৭১ হে য়িহ্বহা তোমাতে ভরসা পাই কখন লজ্জিত
হইতে দিও না আমাকে। নিস্তার কর আমাকে
তোমার পুকৃতার্থে এবং পরিত্রান কর আমাকে
৩ অবধান কর ও রক্ষা কর আমাকে। আমার
শক্তাশ্রয় হও যাহাতে আমি নিত্য যাইতে পারি
তুমি আমার রক্ষা করণ আজ্ঞা দিয়াছ কেননা
৪ তুমি আমার পর্ব্বত ও আমার রক্ষক। হে
আমার ঈশ্বর পরিত্রান কর আমাকে পাপরের হাত
হইতে জোরকর্ত্তা ও নির্দ্দয় মানুষের ইচ্ছা
৫ হইতে। কেননা হে ভগবান তুমি আমার ভরসা
হে য়িহ্বহা তুমি আমার বিশ্বাস বালক কালাবধি
৬ তোমার ওপর আমি হেলাগেলাম ওদর হইতে তুমি
আমার পালিক মাতৃগর্ব্ভাবধি আমি তোমার নিত্য
৭ স্তব করিব। আমি অনেকের পুতি অদ্ভুতর মত
৮ ছিলাম কিন্তু তুমি আমার ভরসা আমার মুখ
তোমার স্তব ও তোমার নাম করণে পূর্ন হওক সকল
৯ দিনে। বৃদ্ধ কালে ত্যাগ করিও না আমাকে আমি
১০ দুর্ব্বল হইলে ছাড়িয়া দিও না আমাকে। কেননা
আমার শত্রু কথা কহে আমার বিষয় যাহারা লুকিয়া
থাকে আমার পুান হরিতে তাহারা ও একত্র পরামর্শ
১১ করে কহিতেং ঈশ্বর ছাড়িয়া দিয়াছেন তাহাকে
১২ তাড়িয়া ধর কেননা রক্ষা কর্ত্তা নাহে। হে ঈশ্বর দূর
হইও না আমা হইতে হে ঈশ্বর শীঘ্র আইস আমার
১৩ ওপকার করিতে। আমার পুানের শত্রু লজ্জিত হওক
ও দুর্ব্বল পড়ুক যাহারা আমার হিংসা করিতে

১৪ চাহে তাহারা বিমকান ও লজ্জাচ্ছাদিৎ হউক কিন্তু
আমি নিত্য ভরসা করিব এবং আরং স্তব করিব
১৫ তোমাকে আমার মুখ প্রকাশ করিবে তোমার ওদ্ধার
১৬ বাক্য সমস্ত দিন কেননা তাহার গনন জানি না। আমি
গমন করিব যিহুহা ভগবানের বলে আমি বলিব
১৭ তোমার ধর্ম্ম বটে তোমার কেবল। হে ঈশ্বর তুমি
শিক্ষা করিয়াছ আমাকে বালককাল হইতে তেকারণ
১৮ আমি কহিব তোমার আশ্চর্য্য। বৃদ্ধ ও পাকা
চুল কালে ত্যাগ করিও না আমাকে আমি তোমার
হাত এ পুরুষকে প্রকাশ করন পর্য্যন্ত ও তোমার বল
১৯ আসিবার পুরুষকে। হে ঈশ্বর তোমার ধর্ম্ম
অতিশয় তুমি মহা কার্য্য করিয়াছ হে ঈশ্বর
২০ তোমার তুল্য কে। তুমি বড় ও কঠিন দুঃখ দেখা
ইয়াছ আমাকে তুমি ফিরিবা তুমি বাঁচাইবা আমাকে
তুমি ফিরিবা ও পৃথিবীর সাগর হইতে ওদ্ধার করিবা
২১ আমাকে। তুমি বাড়াইবা আমার মহত্ত্বতা তুমি
২২ শান্তনা বেড়িবা আমাকে। আমি নবল বাজনে ও
করিব তোমার প্রশংসা আমি বীনবাজনে গাইব
২৩ তোমার সত্যতা হে য়িশরালের ধর্ম্ম। যখন গীত
গাই তোমার স্থানে তৎকালে আমার ওষ্ঠাধর আনন্দ
প্রচার করিবে এবং আমার প্রান ও যাহা তুমি ওদ্ধার
২৪ করিয়াছ। আমার জিহ্বা কহিবে তোমার ধর্ম্ম
সমস্ত দিন কেননা যাহারা আমাকে হিংসা করিতে
চাহে তাহারা লজ্জিৎ হয় তাহারা ও বিবর্ন হইল।

## ৭২ দ্বাসপ্ততীয় গীত।

### এক গীত সলমনকে।

গীত হে ঈশ্বর তোমার ব্যবস্থা দেহ রাজাকে তোমার
৭২ ধর্ম্ম ও দেহ রাজপুত্রকে। তিনি সুকৃতার্থে তোমার
লোকেরদের কর্তৃত্ব করিবেন ও তোমার দিন হীন
৩ লোকেরদের ব্যবস্থানুসারে। পর্ব্বৎগন কুশল
উৎপত্তি করিবে লোকেরদের ঠাঁই ও গিরিগন ধর্ম্মে।
৪ তিনি দুস্থিৎ লোকের বিচার করিবেন তিনি রক্ষা
করিবেন তন্নাস্তিকেরদের সন্তানেরদিগিকে এবং
৫ চূর্ণ করাইবেন দৌরাত্মকের দিগিকে। যাবৎ সূর্য্য ও
চন্দ্র থাকে তাবৎ তাহারা ভয় করিবে তোমাকে পুরুষ
৬ পুরুষানুক্রমে। তিনি পড়িবেন যেমত বৃষ্টি ঘাশের
৭ ওপর যেমন বৃষ্টি পৃথিবীতে। তাহার কালে ধার্ম্মি
কেরা বাড়িবে এবং অনেক কুশল চন্দ্র না হওন
৮ পর্য্যন্ত। তিনি ও কর্তৃত্ব করিবেন সমুদ্র হইতে
সমুদ্র পর্য্যন্ত ও নদী হইতে পৃথিবীর সীমা পর্য্যন্ত।
৯ কাননবাসীরা প্রনাম করিবে তাহার গোচরে
১০ এবং তাহার শত্রুগান ধুলা চাটিবে। তার্ষিস ও
ওপদ্বীপের রাজা নজর আনিবে শবা ও সবার রাজারা
১১ দান আনিবে। সকল রাজা ও প্রনাম করিবে
তাহার বর্ত্তমান সকল বর্ন তাহার সেবা করিবে
কেননা তিনি নিবেদক গরিব ও দুস্থিৎ ও অনাথেক
১২ উদ্ধার করিবেন। কেননা তিনি গরিব ও তন্না
১৩ স্তিককে নষ্ট করিবেন না তিনি দিনহীনেরদের
১৪ প্রান রক্ষা করিবেন তিনি রক্ষ করিবেন তাহারদের
প্রান ফাকি ও দোকানদারি হইতে ও তাহারদের

১৪ রক্ত বহুমূল্য হইবে তাহার দৃষ্টে।   তিনি জীবত্ত
থাকিবেন ও সেবার স্বর্ণ দিতে হইবে তাহাকে নিত্য
নিবেদন করিতে হইবে তাহার কারণ ও তাহাকে
১৫ বীনা কহিতে হইবে প্রতি দিন।   পর্ব্বতশৃঙ্গস্থ
কিঞ্চিত দানা শস্য হইবে পৃথিবীতে তাহার ফল
লড়িবে লবাননের মত ও সহরবাসীরা বাড়িবে
১৭ পৃথিবীর গাছের মত।   তাহার নাম সদাকাল
থাকিবে তাহার নাম থাকিবে যাবৎ সূর্য্য বিদ্যমান
লোকেরা তাহার আশীর্ব্বাদ পাইবে ও সকল বর্ণ
১৮ বীনা বলিবে তাহাকে বীনা য়িহুহা য়িশরালের ঈশ্বর
১৯ যিনি কেবল আশ্চর্য্য করেন ও সদাকাল বীনা হওক
তাহার তেজোময় নাম পৃথিবী ও তাহার তেজপূর্ণ
২০ হওক। আমেন ও আমেন।   যিশির পুত্র
দাওদের নিবেদন সাঙ্গ হইল।———

আসফের এক গীত।—

গীত অবশ্য ঈশ্বর য়িশরাল ও পরিস্কারান্তঃকরণীয়
৭৩ লোকেরদের ভাগ্যদ।   কিন্তু আমার পদ প্রায় পড়িল
৩ আমার গমন প্রায় পিচলে পড়িল আমি দ্বেষে
৪ জ্বলিলাম অজ্ঞানীদিগকে ও দুষ্ট লোকের কুশল
দেখিয়া কেননা তাহারদের মরনে লটঘট নহে তাহার
৫ দের বল শুদ্ধ ও স্থির তাহারদের শ্রম নহে অন্য
লোকের মত তাহারা ঘাত পায় না আর২ লোকের
৬ মত তেজারনে তাহারা হারের ন্যায় অহঙ্কারে
বিভূষিত হইয়াছে তাহারা অযত্নার্থ পরিধিত আছে

৭ তাহারদের চক্ষু হৃষ্টপুষ্ট হওনেতে বাহির হয় তাহারা
৮ অন্তঃকরণের বাসনাধিক পায় তাহারা নষ্ট ও
ডাকাযি কুকথা কহে তাহারা কহে মস্তকহার বিষয়
৯ তাহারা মুখ রাখে স্বর্গেরদিগে তাহারদের জিহ্বা পৃথি
১০ বীর সীমান্তরে বেড়াইয়া যায়। অতএব তাঁহার লোক
ফিরিয়া আইসে এখানে ও জলের পূর্ণতা সেঁচিয়া
১১ হইয়াছে তাহারদের কাছে তাহারা ও বল ঈশ্বর
১২ কেমনে জানেন সর্ব্বাধ্যক্ষের কি জ্ঞান আছে। দেখ
ইহারা দুষ্ট ইহারদের ভাগ্য আছে ও চিরকাল
১৩ সামন্ত। অবশ্য আমার মন বৃথা পরিস্কার
১৪ করিয়াছি ও হাত বৃথা ধুইয়াছি নির্ম্মল্যতায়। আমি
পীড়িত ছিলাম দিনবদিন ও প্রতিপ্রাতে সাজা পাইলাম
১৫ আমি যদি ইহা কহি তবে দেখ তোমার লোকেরদের
১৬ সন্তানেরদের প্রতি আমার ঘাইট আছে। যখন
ইহা জানিতে চাওিলাম তখন তাহা ছিল প্রামা
১৭ আমার দৃষ্টে ঈশ্বরের ধর্ম্মস্থানে যাওনের পূর্ব্বে গেলে
১৮ আমি বুঝিলাম তাহারাদের শেষ। অবশ্য তুমি
পিচলা জাইগায় রাখিয়াছ তাহারদিগকে তুমি
১৯ সংহারে ফেলিয়া দিতেছ তাহারদিগকে। তাহারা
কেমনে সংহারে পড়ে যেমত এক নিমিষে
২০ তাহারা শঙ্কাতে ক্ষয় হইয়াছে। যেমন জাগিত
কালে স্বপ্ন তেমন হে যিহহী তুমি আপন
২১ উঠনেতে তুচ্ছিত করাইবা তাহারদের রূপ। এমত
আমার অন্তঃকরণ ব্যাকুল ছিল আমি অন্তরে

২২ বিস্মিত ছিলাম । আমি এমত অজ্ঞান ছিলাম ও
বুঝিলাম না আমি ছিলাম জন্তুবৎ তোমার গোচরে ।
২৩ কিন্তু আমি নিত্য তোমার সহিত তুমি দক্ষিন হাত
২৪ ধরিয়া রক্ষা করিয়াছ আমাকে । তুমি তোমার পরা
মর্শে পথ দেখিবা আমাকে তৎপর মোক্ষে লইবা
২৫ আমাকে । স্বর্গে আমার কে তোমা বই পৃথিবীতে
২৬ আমি তোমা বই কাহাকে চাহি না আমার শরীর ও
আমার অন্তঃকরন দুর্ব্বল হয় ঈশ্বর আপনি আছেন
আমার অন্তঃকরনের বল ও সদাকাল অধিকার ।
২৭ দেখ যাহারা তোমাকে ছাড়িয়া যায় তাহারদের
সংহার হইবে যাহারা ওপপত্তি করিতে যায় তো
২৮ হইতে তাহারদিগকে ছেদন করিবা । কিন্তু
ঈশ্বরের নিকটে যাওন আমার ভাল আমি প্রভু
য়িহহায় ভরসা করিলাম তোমার সকল কার্য্য
কহনের জন্য ।

আসফের গীত জ্ঞান দেওনার্থে ।

গীত ৭৪ হে ঈশ্বর তুমি কেন সদাকালার্থে ছাড়িয়া দিয়াছ
আমারদিগকে তোমার ক্রোধধুম্য কেন উঠে তোমার
২ ক্ষেত্রের মেষে রপর । আপনার পূর্ব্বকাল গীত
মণ্ডলি মনে কর তোমার স্বমুক্ত অধিকার এ চীয়ন
৩ পর্ব্বত যাহাতে বাস করিয়াছ । তোমার পদ উঠ পূর্ব্ব
রবি যেতিরদিগে যে সকল প্রকার কুক্রিয়া শত্রুরা
৪ করিয়াছে তোমার ধর্ম্মস্থানে । তোমার শত্রুগণ
তোমার সভা স্থানে তাহারা আপনারদের ধ্বজা করে

৫ চিহ্নর জন্য। মানুষ খ্যাত হইয়াছিলে তাহার
গুচ্ছস্থানে নিবিড় বনে কুড়ালি হাতে যাওনানুসারে
৬ কিন্তু এখন তাহারা কুড়ালি ও হাতুল দিয়া একযায়
৭ ভাঙ্গিয়া ফেলাইয়াছে তাহার খোদকারি কার্য্য। তাহারা
অগ্নিতে পোড়াইয়াছে তোমার ধর্ম্মস্থান তোমার
নামের বসতি অশুচি করিয়া ফেলিয়াছে মৃত্তিকাতে।
৮ তাহারা অন্তঃকরণে বলিয়াছে আইস আমরা তাহার
দিগকে সকল সুদ্ধি নষ্ট করি তাহারা পোড়াইয়াছে
৯ দেশং ঈশ্বরের সকল সভাস্থান। আমরা দেখি
না আমারদের চিহ্ন ভবিষ্যদ্বক্তা আর কেহ নহে
আমারদের ও কেহ জানে না কতকাল পর্য্যন্ত।
১০ হে ঈশ্বর শত্রু কতকাল নিন্দা করিবে শত্রু কি
১১ সদাকাল পাসণ্ডতা করিবে তোমার নাম। কেন
ফিরাইতেছ তোমার হাত তোমার দক্ষিণ হাতই
১২ তাহা তোমার বক্ষ হইতে বাহির কর। পৃথিবীস্থ
মুক্তিদ ঈশ্বর আছেন আমার রাজা পুথমাবধি
১৩ তুমি আপনার পরাক্রমেতে সমুদ্র ভিন্ন করিয়াছ ও
১৪ কুম্ভিরের মাথা ভাঙ্গিয়াছ জলে। তুমি নাগের মাথা
চূর্ণ করিয়াছ তুমি তাহা খাওনার্থে দিয়াছ বনবাসী
১৫ লোকের দিগকে। তুমি দুইভাগ করিয়াছ ওনই ও
১৬ প্রান্তি এবং বড় নাদী সুস্ক করাইয়াছ। দিন তোমার
রাত্রি ও তোমার তুমি প্রস্তুত করিয়াছ রস্মী ও সূর্য্য।
১৭ তুমি নিরূপন করিয়াছ পৃথিবীর সকল সীমা তুমি
১৮ বানাইয়াছ গৃীষ্ম ও শীতকাল। হে যিহুহা ইহা
মনে রাখ যে শত্রু অপমান করিয়াছে এবং অজ্ঞান

১৯ লোক পাসণ্ডতা করিয়াছে তোমার নাম। তোমার
ঘুঘুর পুাণ দিও না বনজন্তুকে তোমার অনেক দুখিত
২০ লোককে সদাকাল বিস্মৃতি হইও না। আপনার
বন্দোবস্ত মান কেননা পৃথিবীর অন্ধকারীয় জাইগা
২১ নিদ্দয় বসতি পুর্ণ আছে। গরিবকে লজ্জিত ফিরিতে
দিও না গরিব ও অনাস্তিক স্তব করুক তোমার
২২ নাম। হে ঈশ্বর উঠ আপনার মকদ্দমা কর তোমার
যে অপমান অজ্ঞান লোক করিতেছে সমস্ত দিন
২৩ তাহা মনে রাখ। তোমার শত্রুর রব বিস্মৃতি হইও
না যাহারা উঠিয়া তোমার বিপরিত করে তাহারাদের
শব্দ নিত্য বাড়ে।

জারীকে নষ্ট করিও না এক গাইবার গীত
আসাফের কারন।

গীত হে ঈশ্বর আমরা তোমার স্তব করি আমরা
৭৫ তোমার স্তব করি কেননা তোমার নাম নিকট তাহা
২ তোমার আশ্চার্য্য কার্য্যতে প্রকাশ হয়। নিরুপিত সময়
৩ আমি প্রকৃত বিচার করিব। পৃথিবী ও তাহার সকল
পুজা গলিয়া যায় আমি তাহার থামের ভার লই।
৪ সেলা। আমি কহিলাম অজ্ঞান লোককে অজ্ঞান
৫ হইও না ও পাপিরকে শৃঙ্গ উচ্চ করিও না। শৃঙ্গ বড়
উচ্চ করিও নহে অলঙ্ঘ গলায় কথা কহিও না
৬ বান্ধিকাতা পুর্বদিগা হইতে নহে পশ্চিমদিগা হইতে নহে
৭ পর্ব্বতেই কাননি হইতে ও নহে। কিন্তু ঈশ্বর বিচার
করেন ইহাকে অল্পতা করেন উহাকে সম্ভ্রম করেন।

৮ কেননা যিহহার হাতে এক পাত্র আছে দ্রাক্ষারস
রাঙ্গা আছে তাহা সম্যক মিশ্রিত হইয়াছে তিনি ও
তাহা ঢালেন কিন্তু পৃথিবীর সকল পামর নেওড়া
৯ করিয়া খাইবে তাহার গাদ। কিন্তু আমি নিত্য প্রকাশ
করিব আমি যাঁকুবের ঈশ্বরের প্রতি গীত গাইব
১০ আমি ভাঙ্গিয়া ফেলিব পামরের সকল শৃঙ্গ কিন্তু
ধার্ম্মিকেরদের শৃঙ্গ ওঠাইতে হইবে।—

অগ্রীকে নগীনতে আসফের জন্য এক গাইবার গীত।

গীত যিহুদায় ঈশ্বর জানা যান যিশরালে তাহার নাম
৭৬ বড় শালমে তাঁহার বসতি চীয়নে তাহার বাস
করন স্থান। সেখানে তিনি ভাঙ্গিয়া ফেলিলেন ধনুকের
অগ্নিবাণ ঢাল ও তলোয়ার ও সংগ্রাম। সেলা।
৪ তুমি গৌরবশালী তুমি শিকারের পর্ব্বত হইতে বিক্রান্ত
৫ তাহারা নষ্ট হইয়াছে বলবান অন্তঃকরণীয়েরা নিদ্রিত
হইয়াছে সকল বলবান লোকের কেহ হাত পাইল না।
৬ হে যাঁকুবের ঈশ্বর তোমার ধমকানেতে রথ ও অশ্ব
৭ বড় নিদ্রায় পড়িয়াছে। তুমি তুমিই ভয়ঙ্কর
তুমি ক্রোধিত হইলে কেডা স্থির হইতে পারিবে
৮ তোমার সাক্ষাতে। স্বর্গ হইতে তুমি শুনাইয়াছ
৯ তোমার বিচার পৃথিবী শুনিল ও অনড় থাকিল। হে
ঈশ্বর তুমি পৃথিবীর বিচার করণার্থে নম্র লোককে
১০ রক্ষা করণার্থে উঠিলে। সেলা। অবশ্য মানুষের
ক্রোধ তোমার প্রশংসা করিবে বাকি ক্রোধ তুমি বারণ
১১ করিবা। মানন কর এবং মানন দেও যিহহা

ঈশ্বরকে হে তোমরা তাহার চতুর্দ্দিগস্থ যিনি ভেত্ত্য
১২ তাহাকে নজর দেহ তিনি ছেদন করিবেন অধ্যক্ষের
দের আত্মা তিনি ভয়ঙ্কর পৃথিবীর রাজাগণের
দিগকে ।

## অয়ীকে য়িদোতূনের ওপর আসফের এক গীত।

গীত ৭৭ আমি রবে চেঁচাইলাম ঈশ্বরের ঠাঁই আমি রবে
ঈশ্বরের ঠাঁই চেঁচাইলে তিনি অবধান করিলেন আমার
নিবেদন। আমার বিদসা কালে ভগবানকে চেষ্টা
করিলাম রাত্রে আমার হস্ত বিস্তারিতে আ[illegible] করিলাম
৩ না আমার মন সান্ত্বনা লইতে চাহিল না। ঈশ্বরে
স্মরণ করিয়া ভাবিত ছিলাম আমি চিন্তা করিলাম
এবং আমার মন ডুবিয়া আচ্ছাদিত হইল সেলা।
৪ আমার চক্ষু জাগিত রাখিয়াছ আমি থেঁথলু হইয়াছি
৫ যেন কথা কহিতে পারি না। আমি পূর্ব্ব দিন স্মরণ
৬ করিলাম পূর্ব্ব [illegible] কালই। আমার রাত্রের
গীত মনে পড়িল আমি অন্তঃকরণে চিন্তা করিলাম
৭ ও আমার আত্মা বহু চেষ্টা করিল। ভগবান কি
সদৎ দূরে রহিবেন তিনি কি আর সন্তুষ্ট হইবেন
৮ না। তাহার দয়া কি ঘোলয়ানা গি[illegible] যে আর
কখন হবে না তাহার অঙ্গিকৃত কি [illegible] আনু
৯ ক্রমে ক্ষীন হইবে। প্রভু কি কৃপা করিতে বিস্মৃত
হইয়াছেন তিনি কি ক্রোধিত হইয়া [illegible] বন্ধ
১০ করিয়াছেন। সেলা। পরে আমি কহিলাম
দুর্ব্বলতা সর্ব্বাধ্যক্ষের দক্ষিন হস্ত [illegible] কাল

১১ মনে করিব। আমি যিহুহার ক্রিয়া মনে করিব
অবশ্য আমি মনে করি তোমার পূর্ব্বাশ্চর্য্য।
১২ তোমার সকল কার্য্যে ও চিন্তা করিব আমি কহিব
১৩ তোমার ক্রিয়ার কথা কহিব। হে ঈশ্বর তোমার পথ
শুর্দ্ধতে কোন প্রভু মহৎ আমারদের ঈশ্বরের তুল্য।
১৪ তুমি আশ্চর্য্য কারক প্রভু তুমি লোককে জানাইয়াছ
১৫ আপনার পরাক্রম। আপনার হাতে উদ্ধার করিয়াছ
তোমার লোককে তাহাই যাকুব ও যুসফের সন্তান।
১৬ সেলা। হে ঈশ্বর জল দেখিল তোমাকে জল তোমাকে
১৭ দেখিলে পুসব ব্যথা পাইল সাগরগান নড়িল। মেঘেরা
জল বর্শাইল আকাশ শব্দ করিল তোমার বান এড়িয়া
১৮ গেল তোমার মেঘগর্জ্জন স্বর্গে শুনা গেল বিদ্যুত
আলো করিল ক্ষিতিতে পৃথিবী নড়িল ও কাঁপিল।
১৯ সিন্ধুতে তোমার পথ মহাজলে তোমার গমন তোমার
২০ পদচিহ্ন জানা যায় না। তোমার লোককে
চরাইয়াছে পালের মত মোশা ও আহারনের
হাতে।

আসফের গীত শিক্ষার্থে।

গীত
৭৮ আমার লোকরে শুন আমার ব্যবস্থা অবধান কর
আমার মুখের কথা। আমি কহিনি কহনেতে মুখ
খুলিব পূর্ব্বকালের উপদেশ সঙ্কেতে ছিটিয়া দিব
৩ যাহা আমরা শুনিয়া জ্ঞাত হইয়াছি যাহা আমারদের
[illegible] কহিলিল আমারদিগকে। আমরা তাহা গুপ্ত
রাখিব না তাহারদের সন্তান হইতে যিহুহার স্তুতি

কহিতে ২ শেষ পুরুষ পর্য্যন্ত তাহার পরাক্রম ও
৫ তাহার আশ্চর্য্য ক্রিয়াই যাহা করিয়াছেন । তিনি
সাক্ষ্যার্থে কথা নিরূপন করিলেন য়াকুবে এবং
ব্যবস্থা দিলেন য়িশরালকে তাহা ও আজ্ঞা দিলেন
আমারদের পিতৃরদিগকে তাহারদের সন্তানেরদিগকে
৬ জানানার্থে । তাহারদের ও তাহা জানাইবার কারন
ভবিষ্যৎ পুরুষকে যেং সন্তানেরদের জন্মাও উৎপত্তি
হইবে তাহারদের তাহা কহনের জন্য তাহারদের
৭ সন্তানেরদিগকে । তাহারা ঈশ্বরে শরন কর
ও প্রভুর ক্রিয়া বিস্মৃতি না হওনের ও তাহার
৮ আজ্ঞা মাননের জন্য । এবং তাহারদের
পিতৃগনের মত উল্টাগামি ও দুষ্কৃতি পুরুষ না
হওনের কারন এক পুরুষই যে আপনারদের অন্তঃ
করন প্রস্তুত করিল না এবং তাহারদের আত্মা সৎ
৯ নহে প্রভুর সহিত । আফ্রায়েমের সন্তান সজ্জা ও বন্দুকর
১০ হইয়া ফিরিল সংগ্রামদিনে । তাহারা ঈশ্বরের
বন্দোবস্ত রাখিল না এবং তাহার ব্যবস্থায় চলিতে
১১ চাহিল না । তাহার ক্রিয়া ও বিস্মৃতি হইল ও তাহার
আশ্চর্য্য যাহা দেখাইয়াছিলন তাহারদেরদিগকে
১২ তিনি আশ্চর্য্য করিলেন তাহারদের পিতৃরদের
১৩ গোচরে মিসর দেশে ও চওন মাঠে । তিনি সমুদ্র ভেদ
করিয়া তাহা দিয়া পার করাইলেন তাহারদিগকে
১৪ তিনি জল ঢীপি মত করাইলেন । দিনে তিনি মেঘেতে
পথ দেখাইলেন তাহারদিগকে এবং সমস্ত
১৫ অগ্নির আলো দিয়া । কাননে পর্ব্বত ফাটাইয়া

পীতে দিলেন তাহারদিগিকে যেমন মহা গভীর
১৬ হইতে। তিনি পর্ব্বত হইতে শ্রোত বাহিরাইলেন
১৭ ও নদীর ন্যায় জল বহাইলেন। তাহারা ও
বিরোলময়স্থানে সর্ব্বাধ্যক্ষের ক্রোধ জ্বলায়ে আর
১৮ অধিক পাপ করিল তাহারা অন্তঃকরনে আপনারদের
ইষ্টভক্ষ্য চাহনেতে প্রভুর পরিক্ষা লইল তাহারা
১৯ কথা কহিল ঈশ্বরের বিপরিতে তাহারা বলিল ঈশ্বর
২০ কি অরন্যে মেজ সাজাইতে পারেন। দেখদিকি তিনি
পর্ব্বত মারিয়া জল বাহির করিলেন ও শ্রোত উথলিল
তিনি কি রুটি ও দিতে পারেন তাহার লোককে তিনি
২১ কি মাংস দিতে পরেন। তৎকালে যিহুহা
তাহা শুনিয়া ক্রোধিত ছিলেন তাহাতে অনল
জ্বলিল যাকুবে এবং ক্রোধ গেল যিশরালের উপর
২২ তাহারা ঈশ্বরে আস্থা করিল না ও তাহার তারনে
২৩ বিশ্বাস করিল না। তিনি ও উপরস্থ মেঘকে আজ্ঞা
২৪ দিলেন ও স্বর্গের দ্বার খুলিলেন তিনি মান বর্ষাইলেন
তাহারদের খাইবার কারণ ও স্বর্গীয় শস্য দিলেন
২৫ তাহারদিগকে। মানুষ পরাক্রন্তেরদের খাদ্য খাইল
কেননা তিনি তৃপ্তি পর্য্যন্ত খাইতে দিলেন তাহার
২৬ দিগকে। তিনি পুবিয়া বাতাস বহাইলেন এবং
২৭ আপনার পরাক্রমে দক্ষিন বায় করাইলেন এবং
মাংস বর্ষাইলেন তাহারদের উপর যেন ধুলা ও
২৮ পাখাবিশিষ্ট পক্ষী সমুদ্রের বালুর ন্যায় ও
তাহা পড়াইলেন তাহারদের স্থানের মধ্যে

২৯ তাহারদের বসতির চতুর্ভিতে। অতএব তাহারা
খাইয়া তৃপ্তি ছিল কেননা তিনি পুরাইলেন তাহারদের
৩০ মনোরথ। তাহারা লোভ করন ত্যাগ করিল না
৩১ যাবৎ তাহারদের ভক্ষ্য মুখে ছিল ঈশ্বরের ক্রোধ
তাহারদের উপর জ্বলিয়া হত্যা করিল তাহারদের
হৃষ্টপুষ্ট লোককে এবং মারিয়া ফেলিল য়িশ্রালের
৩২ মনোনিত লোকেরদিগকে। ইহা হইলে ও তাহারা
আর২ পাপ করিল ও আস্থা করিল না তাহার আশ্চর্য্য
৩৩ ক্রিয়া। অতএব তিনি শূন্যতায় তাহারদের দিন ক্ষয়
৩৪ করাইলেন ও তাহারদের বৎসর ব্যামহে। তাহার
দিগকে বধ করিলে তাহারা চেষ্টা করিল তাহাকে
৩৫ এবং ফিরিয়া ভোরে চেষ্টা করিল প্রভুকে। তাহা
ও মনে পাইল যে ঈশ্বর তাহারদের পর্ব্বত ও
৩৬ সর্ব্বাধ্যক্ষ প্রভু তাহারদের মুক্তদ। তাহারা
মুখে প্রার্থনা করিল তাহার ঠাঁই ও জিহ্বাতে
৩৭ মিথ্যা কথা কহিল তাহার স্থানে কেননা তাহারদের
অন্তঃকরণ শুদ্ধ ছিল না তাহার সহিত ও তাহারা
৩৮ তাহার বন্দোবস্তে স্থির ছিল না। কিন্তু তিনি
দয়া পূর্ণ হইয়া মাপ্ত করিলেন তাহারদের অযথার্থ
ও সংহার করিলেন না তাহারদিগকে বটে তিনি
পুনঃ২ স্বক্রোধ ফিরাইলেন তাহারদিগ হইতে এবং
৩৯ তাহার সকল ক্রোধ দুটিলেন না। তিনি মনে
করিলেন যে তাহারা মাংস অবিশিষ্ট এক বাতাস যাহা
৪০ গমন করিলে ফিরে না। তাহারা বনে কতবার
ক্রোধিত করাইল ও দুঃখ দিল তাহাকে নিরল্লয়

৪১ স্থানে। তাহারা ও ফিরিল এবং প্রভুর পরিক্ষা
লইল এবং য়িশরালের ধর্ম্মিকের পরাক্রমের সীমা
৪২ সেপর্য্যন্ত করিল। তাহারা তাহার হস্তকৃত মনে
করিল না যে দিন তিনি বিস্ময় দুর্গতি হইতে মুক্ত
৪৩ করিল তাঁহারদিগিকে। তিনি কেমন চিহ্ন করিয়া
ছিলেন মিজরে এবং অদ্ভুৎ ক্রিয়া চওনের মাটে।
৪৪ তিনি তাহারদের নদীগন রক্ত করাইলেন ও তাহারদের
৪৫ শ্রোত যেমন তাহারা জল পীতে পারিল না। তিনি
নানান প্রকার কীট পাঠাইয়া খাইয়া ফেলাইলেন
তাহারদিগিকে ও বেঙ্গ যাহাতে ও নষ্ট করিলেন তাহার
৪৬ দিগিকে। তাহারদের শুৎপত্তি দিলেন পোকাতে ও
৪৭ তাহারদের মেহনত পঙ্গপাল ফড়িঙ্গিকে। তিনি
শীল বর্ষাইয়া মারিলেন তাহারদের দ্রাক্ষ গাছ ও
৪৮ তাহারদের ডুম্বর বৃক্ষ হিমেতে। তিনি শীলেতে নষ্ট
৪৯ করাইলেন তাহারদের পশু ও তাহারদের পাল বজ্রাঘাতে
তিনি কুদূত তাহারদের মধ্যে পাঠাইয়া ক্রোধ ও চণ্ড
৫০ ও ঘোর রাগ ও দুঃখ পাঠাইলেন তাহারদের উপর তিনি
তাহার ক্রোধের পথ করিলেন ও তাহারদের প্রান
৫১ রাখিলেন না মরন হইতে কিন্তু তাহারদের প্রান মরকে
দিলেন। তিনি মিজরে মারিলেন সকল প্রথম জাত
৫২ হামের তাম্বুতে যেং পাৱক্ষ মাত্তম। তাহার
লোককে চলাইলেন মেষের মত তিনি বনে গতি
৫৩ করাইলেন তাহারদিগিকে পালের ন্যায় তিনি নিরাপদে
অভয়ে চলাইলেন তাহারদিকে কিন্তু সমুদ্রে
৫৪ ঢাকিলেন তাহারদের শত্রুগনকে। তিনি আনিলেন

তাহারদিগকে আপনার ধর্ম্ম স্থানের সিমানায় স্বদক্ষিণ
৫৫ হাতক্রীত পর্ব্বতে। তিনি ও দেবপূজকেরদিগকে
বাহির করিলেন তাহারদের সন্মুখ হইতে ও অধিকার
অরিমে রসি ফেলাইলেন তাহারদের মধ্যে এবং যিশ
রালের গোষ্ঠীরদিগকে বাস করাইলেন তাহারদের
৫৬ বসতিতে তত্রাপি ও তাহারা সর্ব্বাধ্যক্ষ ঈশ্বরের পরিক্ষা
লইল ও ক্রোধি করাইল তাহাকে এবং তাঁহার সাক্ষী
৫৭ কথা মানিল না। কিন্তু তাহারা ফিরিল ও ভ্রান্তি
জন্মাইল তাহারদের পিতৃরদের মত ফিরিতে২ মন্দ
৫৮ ধনুকের মত। তাহারা তাহারদের ওচ্চ স্থানেতে কোপিত
করাইল তাহাকে এবং তাহারদের খোদকারি পুত্ত
৫৯ লিতে রোষান্বিত করাইল তাহাকে। ঈশ্বর শুনিয়া ক্রুদ্ধ
৬০ ছিলেন এবং বড় ঘৃনা করিল যিশরালকে তাহাতে
শীলোর তাম্বু ত্যাগ করিলেন সেই তাম্বু যাহাতে
৬১ কথাবার্ত্তা কহিলেন মানুষের সহিৎ। তেঁকারণ
তাহার পরাক্রম দিলেন বিদেশদাসত্বগমনেতে
৬২ এবং তাহারদের তেজ জোরকর্ত্তার হাতে। তিনি
তলোয়ারের কোপে দিয়াছেন আপন লোক এবং ক্রোধিত
৬৩ ছিলেন আপনার অধিকারের উপর। অগ্নি নষ্ট
করিল তাহারদের যুবারদিগকে এবং তাহারদের
৬৪ কন্যারদের বিবাহ দেয়া গেল না। তাহারদের
যাজক পড়িল তলোয়ারের কোপে ও তাহারদের বিধবা
৬৫ ক্রন্দন করিল না। পরে ভগবান নিদ্রোত্থিতের
মত চৈতন্য হইল দ্রাক্ষ রস খাওনে চেচাঁনীয়
৬৬ বলবানের মত। ও মারিলেন তাহার শত্রুরদের পশ্চাৎ

ভাগী ও নিত্য অপমান দিলেন তাহারদের উপর।
৬৭ তিনি ও ঘৃণা করিলেন যুসফের বসতি ও আফ্রিমের
৬৮ গোষ্ঠি পসন্দ করিলেন না। কিন্তু য়িহোদার
গোষ্ঠি পসন্দ করিলেন তাহাই তাহার ভালবাসিত
৬৯ সীয়ন পর্ব্বত। ও তাহা গাঁথিলেন আপন ধর্ম্ম গৃহ
স্থানের মত যেন পৃথিবী যাহা স্থির করিয়াছেন সদা
৭০ কাল থাকনের কারণ। তিনি ও তাহার দাস দাঊদকে
৭১ পসন্দ করিয়া মেষ খানা হইতে লইলেন ও তাহাকে
গাবিন মেষীর পশ্চাৎ গমন হইতে লইলেন তাহার
লোক যাকুব ও তাহার য়িশরাল অধিকার চরানার্থে।
৭২ তিনি চরাইলেন তাহারদিগকে আপনার অন্তঃকরণের
সুদ্ধতে ও কর্তৃত্ব করিলেন তাহারদিগকে আপনার
হাতের জ্ঞানেতে।

## আসফের এক গীত।

গীত হে ঈশ্বর দেবপুজকেরা আসিয়াছে তোমার অধি
৭৯ কারে তাহারা অশুচি করিয়াছে তোমার ধর্ম্ম মন্দিরকে
২ তাহারা য়িরোশলম চীপি করিয়াছে। তাহারা তোমার
দাসের মরা দিয়াছে শূন্যের পক্ষ্যাহারার্থে ও পন্য
৩ বাসেরদের মাংস পৃথিবীর বন পশুর নিমিত্ত তাহারা
[illegible]দের রক্ত পাত করিয়াছে জলের মত য়িরোশলম
সেই [illegible]দ্দিগে ও কেহ নহে তাহারদিগকে কবরে দেও
৪ নার্থে। আমরা হইলাম লজ্জা যুক্ত আমারদের প্রতিবাসী
দের কাছে হাস্য ও তুচ্ছতুল্য আমারদের চতুর্দ্দিগে
৫ গৃহস্থরদের প্রতি। হে য়িহুহা কত কাল ক্রোধিত হইবা
কি সদাকাল তোমার তাপ কি জ্বলিবে অগ্নির ন্যায়।

৬ ঢালিয়া ফেল তোমার ক্রোধ সে বর্ণেরদের ওপর যে
জানে না তোমাকে ও সে রাজ্যের ওপরে যে নিবেদন
৭ করে না তোমার নামে। কেননা তাহারা যাকুবকে
খাইয়া ফেলিয়াছে ও তাহার বসতি শূন্য করাইয়াছে।
৮ আমারদের ওপর পূর্ব্বপাপ মনে রাখিও না তোমার
দয়া যেন শীঘ্র করিয়া রক্ষা করে আমারদিগকে
৯ কেননা আমরা অতি নিচ। হে আমারদের ত্রানের
ঈশ্বর ওপকার কর আপনার নামের সম্ভ্রমের কারন
পরিত্রান কর আমারদিগকে ও মোচন কর আমারদের
১০ পাপ তোমার নামেরার্থে। দেবপূজকেরা কেন বলিবে
তাহারদের ঈশ্বর কোথায়। তিনি তোমার দাসেরদের
খুনের দাওয়াতে প্রকাশ হওন বর্ণগনেরদের মধ্যে
১১ আমারদের গোচরে। বন্দিতেরদের চেঁচান যাওক
তোমার বিদ্যমান তোমার হাতের মহত্ত্বতানুযায়ি রক্ষা
১২ কর মরন নিরোপিতেরদিগকে। হে ভগবান আমার
দের প্রতিবাসিরা যে লজ্জা দিয়াছে তোমাকে তাহার
১৩ ফল সাত গুন দেও তাহারদের বুকে তাহাতে আমরা
তোমার লোক ও মাটস্থ মেষ সদাকাল তোমার
নামের প্রশংসা করিব আমরা কহিব তোমার স্তব
পুরুষং অনুক্রমে।—

জয়ীকে শোশনের বিষয় আসফের এক গীত।—

গীত হে য়িশ্রালের রক্ষক অবধান কর তুমি যে
৮০ যুসফকে মেষের মত পথ দেখাইতেছ হে তুমি
খেরীররদের মধ্যস্থলস্থ প্রসন্ন হও। তোমার

৮০ আশীত গীত ।

বল দুটাও আফ্রিম ও বেনিয়মন ও মনশার গোচরে
৩ এবং আসিয়া আমারদিগকে ত্রান কর । হে ঈশ্বর
ফিরাও আমারদিগকে তোমার মুখ প্রসন্ন হওক
৪ আমারদের ওপর ও আমরা ত্রান পাইব । হে
যিহহা সৈন্যর ঈশ্বর তোমার লোকের নিবেদনেতে
৫ ক্রোধিত হইবা কতকাল । তুমি চক্ষুজলাহার
করাইতেছ তাঁহারদিগকে এবং অনেক অশ্রু
৬ পীনার্থে দিয়াছে তাঁহারদিগকে । তুমি করাইয়াছ
আমারদিগকে ঝকড়া বস্তু আমরদের প্রতিবাসী
দের মধ্যে এবং আমারদের শত্রুগন পরিহাস করে ।
৭ হে সৈন্যের ঈশ্বর ফির আমারদেরদিগে তোমার মুখ
প্রসন্ন করাও আমাদের ওপর ও আমরা ত্রান পাইব ।
৮ তুমি দ্রাক্ষা গাছ আনিয়াছ মিসর হইতে বর্নগনকে
৯ খেদাইয়া রোপন করিয়াছ তাহা । তুমি তাহার স্থান
প্রস্তুত করিয়াছ এবং তাহার শিকড় গাড়াইয়াছ
১০ তাহাতে পূর্ন করিল পৃথিবী । তাঁহার ছায়ায় পর্ব্বত
১১ ছাইল তাহার ডাল আরজ গাছের মত তাহার ডাল
১২ বাহিরিল সমুদ্র পর্য্যন্ত ও তাহার পল্লব নদীতে তবে
তাহার বেড়া কেন ভাঙ্গিয়াছ যেন সকল পথিক
১৩ ছিড়িয়া ফেলে তাহা । বন শুকর নষ্ট করে ও বন
১৪ জন্তু খাইয়া ফেলে তাহা । হে সৈন্যের ঈশ্বর আমরা
মাবিনা করি তোমাকে ফির স্বর্গ হইতে দৃষ্টি করিয়া
১৫ দেখ ও রক্ষা কর এ দ্রাক্ষা গাছ ও সে দ্রাক্ষা ক্ষেত্র
যাহা তোমার নিজ দক্ষিন হাত রুপিয়াছে ও ডাল
১৬ যাহা বলবান করাইয়াছ আপনার কারনে । তাহা

## ৮০ আশিত গীত ।

অগ্নিতে পোড়া গিয়াছে তাহা কাটা গিয়াছে তাঁহারা
১৭ তোমার মুখের ধমকানেতে বিনাশ হয় । হওক
তোমার হাত আপনার দক্ষিন হস্তস্থ মনুষ্যের উপর
মনুষ্যের সে সন্তানের উপর যাহাকে বলবান করাই
১৮ য়াছ আপনার কারন তাহাতে আমরা ফিরিয়া না যাব
তোমা হইতে চৈতন্য করাও আমারদিগকে তবে
১৯ নিবেদন করিব তোমার নামে । হে য়িহুহা
সৈন্যর ঈশ্বর ফিরাও আমারদিগকে তোমার মুখ
প্রসন্ন হইলে আমরা ত্রান পাইব ।

জয়ীকে দ্রাক্ষা চাপের বিষয় আসফের গীত ।

গীত আমারদের পরাক্রম ঈশ্বরের স্থানে চেঁচাইয়া গান
৮১ কর ও হরিষ ধ্বনি কর যাঁকুবের ঈশ্বরের কাছে ।
২ ৩ গীত ধর তবল আনহ আনন্দজ বীন ও নবল । তরি
বাজাও অমাবশ্যা কালে নিরুপিত কাল ও বড় পর্বে
৪ কেননা এ য়িশরায়েলের জন্য এক বিধি যাঁকুবের ঈশ্বরের
৫ এক ব্যাবস্থা । তিনি এও সাক্ষ্যার্থে রাখিলেন যুসফে
যখন মিসর হইতে যাত্রা করিল যেখানে অবোধ্য ভাষা
৬ শুনিলাম । আমি ভার লইয়াছি তাহার স্কন্ধ হইতে
৭ ও তাহার হাত মুক্ত করিলাম ভাগারি হইতে । তুমি
বিরুদ্ধ দশায়ে ডাকিলে আমি পারত্রান করিলাম
তোমাকে আমি শুনিলাম তোমার কথা মেঘ গর্জ্জন অ
স্পর্শ স্থানে তোমার পরখ লইলাম মেরিবা জলের
৮ কাছে । সেলা । আমার লোকহে শুন আমি সাক্ষী দিব
তোমার বিষয় হে য়িশরায়েল যদি শুনিবা আমার কথা

57

## ৮১ একাশিতীয় গীত।

৯ অন্য প্রভু রাখিতে হইবে না তোমারদের মধ্যে অন্য
১০ দেবতার কাছে প্রণাম করিতে হইবে না। আমি
যিহুহা তোমার ঈশ্বর যে আনিলাম তোমাকে মিচর
দেশ হইতে তোমার মুখ খুলিলে আমি তাহা পুরাইব।
১১ কিন্তু আমার লোক শুনিল না আমার কথা যিশরাল
১২ চাহিল না আমাকে তেকারণ আমি তাহারদিগকে
ছাড়িয়া দিলাম আপনারদের গোঁয়ার মনেতে ও তাহারা
১৩ আপনারদের পরামর্শানুসারে চলিল। আহা যদিত
আমার লোক শুনিত আমার কথা যদিত যিশরাল
১৪ চলিত আমার পথে তবে শীঘ্র পরাস্ত করিতাম
তাহারদের শত্রুরদিগকে এবং আমার হাত ফিরিত
১৫ তাহারদের বৈরিদেরদের উপর। যিহুহা ঘৃণকেরা
হইত তাহার বশীভূত কিন্তু তাহারদের কাল নিত্য
১৬ হইত তিনি ও উত্তম শস্যে প্রতিপালন করিতেন
তাহারদিগকে এবং পর্ব্বতোৎপন্ন মধু পরিতোষ
করিতাম তোমাকে।

## আসফের এক গীত।

গীত ৮২ ঈশ্বর দণ্ডাইতেছেন পরাক্রান্তেরদের সভায় তিনি
বিচার করেন দেবগণেরদের মধ্যে। কতকাল
অকৃত বিচার করিবা ও পামরকে মুখাবলোকন
৩ করিবা। সেলা। গরিব ও পিতাহীনেরদের
বিচার কর দুঃখিৎ ও উন্মাস্তিকেরদের প্রকৃত
৪ এনসাফ কর। গরিব ও কাঙ্গালীদিগকে নিস্তার

কর পরিত্রান কর তাহারদিগিকে পাষরের হাত
৫ হইতে। তাহারা জানে না তাহারা বুঝে না তাহারা
অন্ধকারে চলিতেছে। পৃথিবীর সকল ভত্তি নড়ে।
৬ আমি বলিলাম তোমরা দেবতা তোমরা সকল
৭ মহতের সন্তান কিন্তু তোমরা অবশ্য মরিবা
৮ মানুষের মত এবং যেমত কোন অধ্যক্ষ পড়ে।
হে ঈশ্বর ওঠ পৃথিবীর বিচার কর কেননা তুমি
হইবা সকল বর্ণেরদের অধিকারী।

আস্মাফের এক গীত গানাথে

গীত ৮৩ হে ইশ্বর নিঃশব্দ হইও না চুপ করিও না অমনে
থাকিও না। কেননা দেখ তোমার শত্রুরা বড় কল
রব করিতেছে ও যাহারা ঘৃর্না করে তোমাকে তাহারা
৩ মাথা ওঠাইতেছে তাহারা লুকিয়া টুত্তা করে
এবং পরামর্শ করে তোমার অপ্রকাশ লোকেরদের
৪ বিপরিতে। তাহারা বলে আইস আমরা তাহার
দিগকে বর্নহওন হইতে কাটিয়া ফেলি যেন য়িশরাল
৫ নাম আর বর্ত্তমান থাকে না। কেননা তাহারা
এক মনে পরামর্শ ও বন্দোবস্ত করিয়াছে তোমার
৬ বিপরিতে। আদোম ও য়িশমএলের বসতি মোয়াব
৭ ও হাগারীরা গবল ও উম্মোন ও উমলক ও পলিশতীরা
৮ ও ছোর বাসীরা আশোর ও তাহারদের সহায়
তাহারা লোটের সন্তানেরদের উপকারী ছিল। সেলা।
৯ তাহারদিগকে করাও মদীনীরদের মত সিসরা ও
১০ যিবনের গতির মত কিশোন নদীতে যাহারা নষ্ট

 58

ছিল ঔীন্দরে তাহারা ছিল সার পৃথিবীর উপর।
১১ তাহারদের অধ্যক্ষ করাও ওরব ও জেওবের মত
বটে তাহারদের সকল মহত্তেরা যেন জবহ্ ও
১২ জালমনা যাহারা বলিল আইস আমরা হরিয়া
১৩ লই ঈশ্বরের বসতি আপনারদের কারন। হে
আমার ঈশ্বর তাহারদিগকে চক্রের মত করাও
১৪ ও বাতাসের সন্মুখে ভুষির মত। যেমন অগ্নি কাষ্ঠ
খাইয়া ফেলে ও যেমন শিখা পর্ব্বত পোড়ায়
১৫ তেমন তোমার ঝাড়ে তাড় তাহারদিগকে ও তোমার
১৬ তুফানে ভয় দেখাও তাহারদিগকে। তাহারদের
মুখ লজ্জাপূর্ন করাও যেন তোমার নাম চেষ্টা করিবে
১৭ হে য়িহুহা। তাহারা লজ্জিত হওক ও ভয় দেখুক
১৮ সর্ব্বকাল যেন তাহারা বিবর্ন ও নষ্ট হয় লোকের
দের জানিবার কারন যে তুমি কেবল য়িহুহা নামধেয়
অতি অধ্যক্ষ আছ সকল পৃথিবীর উপর।—

অগীতে দ্রাক্ষাচাপের বিষয় এক গীত করহের
সন্তানেরদের কারন।—

গীত
৮৪
হে সৈন্যের য়িহুহা কেমন সুন্দর তোমার
বসতি। আমার মন বাঞ্ছায় ও ইচ্ছান্বিত হইয়াছে
য়িহুহার উঠানাথে আমার অন্তঃকরন ও মাংস
৩ চেঁচায় জীবত প্রভুর কারন। বটে চটক পাইয়াছে
বাসা এবং পোড়ামুনিয়া আপনার বাচ্চা রাখিবার
ঠাঁই তাহাই তোমার যজ্ঞকুণ্ড হে সৈন্যের য়িহুহা
৪ আমার রাজা ও আমার ঈশ্বর। ধন্য তোমার

গৃহস্তেরা তাহারা তোমার নিত্য স্তুতি করিবে সেলা।
৫ ধন্য সে নর যাহার বল তোমাতে যাহার অন্তঃকরণে
৬ তাহারদের পথ যাহারা বাখা পুস্তর দিয়া যাইতে,
কূপ খনন করে তাহার মধ্যে পুষ্কর্ণাও বৃষ্টিতে পূর্ণ
৭ হয়। তাহারা বল হইতে বলে যাইতেছে এক,
৮ জন চীয়নে দেখা যায় ঈশ্বরের সাক্ষাতে। হে
যিহহা সৈন্যের ঈশ্বর শুন আমার নিবেদান হে
৯ যাকুবের ঈশ্বর অবধান কর। সেলা। হে ঈশ্বর
আমারদের ঢাল দেখ দৃষ্ট কর তোমার অভিষেক্তের
১০ মুখের ওপর। কেননা এক দিন তোমার প্রাঙ্গনে
সহস্র দিন হইতে ভাল আমার ঈশ্বরের ঘরে দ্বারি
গিরি করন আমার ইচ্ছা পাময়ের বসতিতে থাকন
১১ হইতে অধিক। কেননা যিহহা ঈশ্বর আছেন সূর্য্য
ও ঢাল যিহহা দিবেন কৃপা ও মোক্ষ। যাহারা শুদ্ধ
১২ চলে তাহারদের ভাগ্যের কিছু ন্যুন হইবে না। হে
সৈন্যের ঈশ্বর ধন্য সে লোক যাহার ভরসা
তোমায়।

জয়ীকে এক গীত করজ্ঞর সন্তানের জন্য।—

গীত ৮৫ হে যিহহা তুমি কৃপা করিয়াছ তোমার দেশের
ওপর তুমি ফের আনিয়াছ যাকুবের লুটিতের
২ দিগকে। তোমার লোকের অযথার্থ মোচিয়া ফেলি
য়াছ তাহারদের সকল পাপ ঢাকিয়াছ। সেলা।
৩ তোমার সকল ক্রোধ ছাড়িয়াছ তোমার ক্রোধ
৪ হইতে ফিরিয়াছ। হে আমারদের ত্রানের ঈশ্বর

ফিরাও আমারদিগকে তোমার যে ক্রোধ আমার
৫ দের ওপর তাহা যেন নিবর্ত্ত হয়। তুমি কি সদাকাল
ক্রুদ্ধ হইবা আমারদের ওপর সবর্ব পুরুষানুক্রমে
৬ ক্রোধ করবা আমারদের ওপর। তুমি কি আরবার
ফিরিয়া বাঁচাইবা না আমারদিগকে তোমার লোক
৭ তোমাতে আনন্দ করনের কারণ। হে য়িহহা তোমার
অনুগ্রহ দেখাও এবং তোমার ত্রান দও আমারদিগ
৮ কে। আমি শুনিব য়িহহা প্রভু কি কহিবেন কেননা
তিনি কুশল কথা কহিবেন আপনার লোক ও পুন্যবানের
দিগকে কিন্তু তাহরা যেন আর ফিরে না অজ্ঞান ক্রিয়া
৯ করনেতে। অবশ্য তাহার ত্রান তাহারদের নিকট
যাহারা ভয় করে তাহাকে সম্ভ্রম আমারদের দেশে
১০ বাস করনের জন্য। দয়া ও সত্যতা মিলন হইয়াছে পুরু
১১ ভাথ ও কুশল পরস্পর চুম্বন করিয়াছে। সত্যতা গাজিবে
পৃথিবী হইতে এবং পুরুত ক্রিয়া দৃষ্টপাত করিবে
১২ স্বর্গ হইতে। বটে য়িহহা ভাগ্য দিবেন এবং আমার
১৩ দের দেশের ফল হইবে। পুরুতাথ যাবে তাহার
অগ্রে, তাঁহার পদে তাহারদিগকে গমন করনার্থে।

## দাওদের এক নিবেদন।—

গীত হে য়িহহা অবধান করিয়া শুন আমার কথা
৮৬ কেননা আমি দুঃখিত ও গরিব। রক্ষা কর আমার
প্রান কেননা আমি দয়াপালক হে আমার ঈশ্বর ত্রান
৩ কর তোমার দাসকে যে ভরসা করে তোমায়। হে
য়িহহা দয়া কর কেননা তোমার কাছে চেঁচাইব

৪ তোমার দাসের আত্মার হর্ষ করাও কেননা
৫ তোমার নিবা আমার মন তুলিব । কেননা
হে যিহুহা তুমি ধৰ্ম্ম ও দয়ালু ও অতি ক্ষমা
বন্তু যে সকলেরদিগকে যাহারা নিবেদন করে
৬ তোমার ঠাই । হে যিহুহা শুন আমার নিবেদন
৭ অবধান কর আমার কামনা কথা । আমার বিস্ময়
দিনে নিবেদন করিব তোমার স্থানে কেননা তুমি
৮ শুনিবা আমার কথা । হে যিহুহা দেবগনেরদের
কেহ তোমার তুল্য নহে কোন কাহার ক্রিয়া ও তোমার
৯ ক্রিয়ার মত নহে । হে যিহুহা তোমার সকল সৃষ্টিত
বর্গ আসিবে ও প্রনাম করিবে তোমার সাক্ষাতে ও
১০ তোমার নামের সম্ভ্রম করিবে । কেননা তুমি
১১ মহত ও মহাশ্চর্য্যকারী তুমি একা ঈশ্বর । হে
যিহুহা তোমার পথ দেখাও আমাকে আমি চলিব
তোমার সত্যতায় আমার অন্তঃকরন একটা করাও
১২ তোমার নাম ভয় করনার্থ । হে যিহুহা আমার
ঈশ্বর আমার সকল অন্তঃকরন দিয়া স্তব করিব
তোমাকে এবং সদাকাল তোমার নামের সম্ভ্রম করিব ।
১৩ কেননা তোমার কৃপা বড় আমার উপর ও তুমি
পরিত্রান করিয়াছ আমার আত্মা অতি ঘোর নরক
১৪ হইতে । হে ঈশ্বর অহঙ্কারীরা উঠিয়াছে আমার বিপ
রিতে দুর্জ্জন লোকের সভা চেষ্টা করিয়াছে আমার
১৫ প্রান এবং তোমাকে গোচরে রাখিল না । কিন্তু
হে যিহুহা প্রভু তুমি দয়ালু ও কৃপাবান তুমি বহুকাল
১৬ ধৈর্য্যবান ও অতি দয়ালু ও সত্য । দৃষ্টি করিয়া

কৃপা কর আমাকে তোমার সামর্থ দেও তোমার
১৭ দাসকে ও রক্ষা কর তোমার দাসীপুত্রকে। একটা
ভদ্রার্থচিহ্ন দেখাও আমাকে যেন আমার দূনকেরা
তাহা দেখিয়া লজ্জিত হইবে কেননা তুমি হে ভগবান
আমার উপকারী ও শান্তক।—

এক গাইবার গীত করক্ষের সন্তানেরদের কারন।

গীত ৮৭ তাহার ভিত আছে ধর্ম্ম পর্ব্বতে। যিহুহা ভাল
বাসেন জীয়নের দ্বার যাকুবের সকল বসতি হইতে।
৩ হে ঈশ্বরের সহর তোমার মহাসম্ভ্রম উক্ত আছে।
৪ সেলা। যাহারা জানে আমাকে তাহারদিগকে রাহাব
ও বাবিলের কথা কহিব দেখ পলশতীরা ওচোর ও মশ
৫ ইহার জন্ম ছিল সেখানে। জীয়নের বিষয় ও কহা
যাবেক এ জন ও জনের জন্ম ছিল তাহায় সর্ব্বোচ্চ
৬ ও তাহা স্থির করিবেন। যিহুহা লোককে লিখিতেং
গনন করিবেন যে এ জনের জন্ম সেখানে।
৭ সেলা। গীতগায়করা ও অনুবাদকেরা দুহে
সেখানে। আমার সকল উনই তোমায়।—

একটা গাইবার গীতমহ্ক্লতের বিষয় করক্ষের
সন্তানের জন্যে ও প্রত্যুত্তর করনার্থে। হয়মন
আজরাহীর মশখীল।—

গীত হে যিহুহা আমার ত্রানের ঈশ্বর আমি দিবারাত্রি
৮৮ চেঁচাইতেছি তোমার কাছে। আমার নিবেদন তোমার
২ সাক্ষাতে যেন হয় অবধান কর আমার চেঁচান কেননা
আমার আত্মা দুঃখে পূর্ণ আছে ও আমার প্রান কবরে

লাগে। আমি গনিত আছি তাহারদের মধ্যে যাহারা
৫ খাদে যাইতেছে আমি দুর্ব্বল মানুষের মত। মৃত্যু
লোকের মধ্যে ওদ্ধার যেমত বিন্দিতেরা যে কবরে শুয়ে
যাহারা আর তোমার মনে নহে ও যাহারা কাটা হইল
৬ তোমার হাত হইতে। তুমি থুইয়াছ আমাকে অতি
৭ নীচ খাদে অন্ধকার ও গভীরে। তোমার ক্রোধ আমার
ওপর বড় চাপে তোমার সমস্ত ঝড়েতে দুঃখ দিয়াছ।
৮ সেলা। আমার পরিচিত মিত্রের দিগকে আমা হইতে দূর
করিয়াছ আমাকে করাইয়াছ ঘৃনিত বস্তু তাহারদের
৯ ঠাই। আমি বন্ধিত হইয়া বাহিরিতে পারি না আমার
চক্ষু ক্রন্দন করিতেছে আমার বিষয় গতার্থে।
হে যিহুহা আমি সমস্ত দিন নিবেদন করিয়াছি
১০ তোমার স্থানে আমি হাত বিস্তার করিয়াছি। তুমি
কি আশ্চর্য্য করিবা মরারদের মধ্যে পচা মরা
আরবার ওঠিবে তাহারা কি স্বিকার করিবে তোমার
১১ স্থানে। সেলা। তোমার স্নেহ কি কবরে কহা যাবেক
১২ কিম্বা সংহারে তোমার সত্যতা তোমার আশ্চর্য্য কি
অন্ধকারে জানা যাবে এবং তোমার ধর্ম্ম বিস্মৃতি
১৩ দেশে। হে প্রভু আমি চেঁচাইয়া ডাকিয়াছি তোমার
ঠাঁই এবং প্রাতে আমার নিবেদন যাইবে তোমার নিকট।
১৪ হে যিহুহা কি কারন দূর করিতেছ আমার আত্মা
১৫ তুমি মুখ লুকাইতেছ কেন। আমি যুবাকালাবধি
দুঃখিত ও মরিবার মত তোমার ভয়েতে মহা ভাবিত
১৬ আছে। তোমার ক্রোধ আমার ওপরদিয়া গিয়াছে
১৭ তোমার সঙ্কা কাটিয়া ফেলিয়াছে আমাকে। তাহারা

বেড়িয়াছে আমাকে জলের মত তাহারা একত্র হইয়া
১৮ আমাকে নিত্য ব্যাপ্তিল। তুমি পাত্র মিত্রের
দিগকে দূর করিয়াছ আমা হইতে এবং আমার
জ্ঞাতিরা অন্ধকারের মধ্যে।——

আইতন আজরহীর মশকিল।—

গীত ৮৯ আমি সদাকাল গাইব যিহুহার দয়ার বিষয় আমার
মুখ দিয়া জানাইব তোমার সত্যতা সর্ব্ব পুরুষা
নুক্রমে। কেননা আমি কহিয়াছি দয়া সদতাথে গঠন
৩ হইবে তোমার সত্যতা স্থির করিবা স্বর্গে। আমি
বন্দোবস্ত করিয়াছি আমার পসন্দিতের সহিত আমি
৪ কিরা করিয়াছি আমার দাস দাঊদের ঠাঁই। তোমার
সন্তানেরদিগকে সদাকালাথে স্থির করিব আমি
গাঁথিব তোমার সিংহাসন সর্ব্ব পুরুষানুক্রমে। সেলা।
৫ হে যিহুহা স্বর্গ তোমার আশ্চর্য্য ক্রিয়ার প্রশংসা
৬ করিবে তোমার সত্যতা ও পুন্যবানের মণ্ডলিতে। কেননা
স্বর্গে তোমার তুল্য কে দেবের সন্তানেরদের কে
৭ যিহুহার ন্যায়। প্রভু মহা ভেতব্য পুন্যবানের সভায়
তিনি অতি মান্য তাহার সকল চতুর্দ্দিগিনেরদের
৮ মধ্যে। হে যিহুহা সৈন্যের ঈশ্বর তোমার মত শক্তিমান
৯ কে ও তোমার চতুর্দ্দিগেতে সত্যতার মত কি। তুমি
কর্ত্তৃত্ব করিতেছ সমুদ্রের গর্জ্জনের উপর যখন বড়
১০ চণ্ড হইয়াছে তখন তাহা স্থির করিতেছ। তুমি
রহবকে অস্থিরের মত ভাঙ্গিয়াছ তোমার শক্তি হাত

দিয়া ছিন্ন ভিন্ন করিয়াছ তোমার শত্রুরদিগকে।
১১ স্বর্গ তোমার পৃথিবী ও তোমার তুমি সং সার
১২ তাহার সামগ্রী নির্ম্মাণ করিয়াছ। তুমি উত্ত
ও দক্ষিণ সৃজন করিয়াছ তবোর ও হর্ম্মোন তোমার
১৩ নামে সুনাদ করে। তোমার ভুজ পরাক্রান্ত
তোমার হাতের ঐস্ত বল তোমার দক্ষিণ হাত
১৪ ঊর্দ্ধ্ব হইয়াছে। বিচার ও প্রকৃতার্থ তোমার
সিংহাসনের স্থান দয়া ও সত্যতা গমন করিবে
১৫ তোমার সম্মুখে। ধন্য সে লোক যাহারা আনন্দজ
শব্দ জানে হে যিহোবা তাহারা তোমার মুখের
১৬ প্রসন্নে গমন করিবে। তাহারা তোমার নামে উল্লাসিত
হইবে সমস্ত দিন ও তোমার ধর্ম্মে ঊর্দ্ধ্ব
১৭ হইবে। কেননা তুমি তাহারদের বলের তেজ
ও তোমার অনুগ্রহেতে আমারদের শৃঙ্গ উঠাইতে
১৮ হইবে। কেননা আমারদের আবরণ যিহোবা এবং
১৯ আমারদের রাজা যিশরাএলের ধার্ম্মিক। তৎকালে
দর্শনে কহিয়াছ তোমার পুণ্যবানকে ও বলিয়াছ
আমি এক জন শক্তিমন্ত উপকারী নিযুক্ত করিয়াছি
লোকেরদিগ হইতে পশান্দিত এক জন পদার্পণ
২০ করিয়াছি আমার দাস দাউদকে পাইয়াছি
আমারি পবিত্র তৈলাভিষেক করিয়াছি তাহাকে।
২১ আমার হাত স্থির হইবে তাহার সহিত আমার
২২ ভুজ ও শক্ত দিবে তাহাকে। শত্রু জোর করিতে পাইবে
না তাহার উপরে পাপরের পুত্র দুঃখ দিতে পাইবে না
২৩ তাহাকে। আমি তাহার শত্রুরদিগকে চূর্ণ করিব

তাহার সম্মুখে যাহারা ঘৃণা করে তাহাকে তাহার
২৪ বৈরিগণকে যন্ত্রণা দিব। কিন্তু আমার সত্যতা ও আমার
দয়া হইবে তাহার সহিত ও আমার নামে তাহার
২৫ শৃঙ্গ উচ্চ করিতে হইবে। আমি তাহার হাত
করাইব সমুদ্রের উপর ও তাহার দক্ষিণ হস্ত নদীতে।
২৬ সে বলিবে আমাকে হে আমার পিতা তুমি আমার
২৭ ঈশ্বর ও আমার রক্ষাকরণ পর্ব্বত। আমি ও
তাহাকে করাইব আমার প্রথম জাত পৃথিবীর
২৮ রাজাগণের অধ্যক্ষ। আমি সর্ব্বদা রাখিব
আমার দয়া তাহার সহিত ও আমার বন্দোবস্ত
২৯ স্থির হইবে তাহার সহিত। আমি ও সদাকাল
রক্ষা করিব তাহার সন্তান ও তাহার সিংহাসন
৩০ স্বর্গের দিনের মত। যদি তাহার সন্তান ত্যাগ
করে আমার ব্যবস্থা এবং আমার বিধিতে চলে না
৩১ যদি তাহারা মানে না আমার বিধান ও আমার
৩২ আজ্ঞা তবে তাহারদের দৌরাত্ম্যের দণ্ডপ্রহারণ ও
৩৩ তাহারদের অযথার্থের প্রহারণ প্রতিফল দিব কিন্তু
আমার দয়া যোলয়ানা ভাঙ্গিবে না তাহার সহিত
৩৪ ও আমার সত্যতা ক্ষীণ হইতে দিব না। আমার
বন্দোবস্ত নষ্ট করিব না এবং যাহা আমার ওষ্ঠাধর
৩৫ দিয়া বাহিরিয়াছে তাহা ফিরাইব না। আমি একবার
আ[illegible]র ধিময লইয়া কিরা করিয়াছি অবশ্য দাঊদের
৩৬ কাছে অন্যথা করিব না। তাহার সন্তান হইবে
সদাকাল পর্য্যন্ত ও তাহার সিংহাসন হইবে আমার
৩৭ সম্মুখ সূর্য্যের মত। তাহা চন্দ্রের মত স্থির করিতে

হইবে ও যে বিশ্বাসি সাক্ষী স্বর্গে। সেলা।
৩৮ কিন্তু তুমি দূর থাকিয়া বিরক্ত হইয়াছ এবং
৩৯ আপনার অভিষিক্তের ওপর ক্রুদ্ধ ছিলা। তো
দাসের বন্ধে বস্ত বৃথা করিয়াছ তাহার মুকুট পৃথি
৪০ বীতে ফেলিয়া নষ্ট করিয়াছ। তুমি ভাঙ্গিয়াছ তাহার
৪১ সমস্ত বেড় তাহার গড় ভাঙ্গিয়া ফেলিয়াছ। সেখান
কার পথিকেরা লাঙ্গিয়া ফেলে তাহাকে সে হইল আপ
৪২ নার প্রতিবাসীরদের অপমান। তুমি ঊচ্চ করাইয়াছ
তাহার শত্রুরেদের দক্ষিন হস্ত ও তাহার সকল বৈরগের
৪৩ দিগকে হর্ষিত করাইয়াছ। তুমি ও ভোতা করিয়াছ
তাহার তলয়ারের ধার ও সংগ্রামে স্থির না করিয়াছ
৪৪ তাহাকে। তুমি তাহার সম্ভ্রমের শেষ করিয়াছ তাহার
৪৫ সিংহাসন মৃত্তিকাতে ফেলিয়াছ। তাহার যুবা কাল
খাট করিয়াছ লজ্জাচ্ছাদন করিয়াছ তাহাকে। সেলা।
৪৬ হে যিহুহা কতকাল আপনি লুকিয়া থাকিবেন কি
সদাকাল তোমার ক্রোধ কি জ্বলিবে অগ্নির মত।
৪৭ মনে কর আমার কেমন অল্পায় কেন বৃথা
৪৮ সৃজন করিয়াছ সকল মনুষ্যের দিগকে। কোন জন
জীতে আছে এবং মরিতে চাহে না সে কি আপনার
আত্মা নরকের হাত হইতে পরিত্রান করিবে। সেলা।
৪৯ হে যিহুহা তোমার পূর্ব্বানুগ্রহ যাহা আপনার সত্যতায়
৫০ কিরা করিয়াছ দাঊদের ঠাঁই সে কোথায়। হে ভগবান
তোমার দাসের বিষবানে মনে কর আমি আপনার
৫১ বুকে বহি অনেক লোকেরদের অপমান যাহাতে তোমার
শত্রুরা নিন্দা করিয়াছে হে যিহুহা যাহাতে তাহারা

৫১ নিন্দা করিয়াছে তোমার অভিষিক্তের পদচিহ্ন। ধন্য
যিহোবা সদাকাল। আমেন ও আমেন।

ঈশ্বরের মানুষ মোশার এক নিবেদন।

গীত ৯০ হে ভগবান তুমি ছিলা আমারদের বসতি সর্ব্ব
পুরুষানুক্রমে পর্ব্বতগণ জন্মের পূর্ব্বে ও তোমার
পৃথিবী ও সংসার নির্ম্মাণকরণের পূর্ব্বে আদ্যবধি
৩ শেষ পর্য্যন্ত তুমি প্রভু তুমি মানুষকে বিনাশেতে
ফিরাইতেছ পরে কহিতেছ হে মনুষ্যেরদের
৪ সন্তানেরা ফির। কেননা সহস্র বৎসর তোমার দৃষ্টে
৫ গত কল্যের মত ও যেমন রাত্রির এক প্রহর। তুমি
বন্যায় লইতেছ তাহারদিগকে তাহারা নিদ্রার
৬ মত তাহারা প্রাতে তৃণের মত তাজা হয় প্রাতকালে
তাজা হইয়া বাড়ে সন্ধ্যায় কাটা গেলে শুষ্ক হইয়া
৭ যায়। কেননা তোমার ক্রোধেতে আমরা নষ্ট
৮ হই ও তোমার কোপে চাক্ত হই। তুমি থুইয়াছ
আমারদের অযথার্থ তোমার গোচরে ও আমারদের
৯ গুপ্ত পাপ তোমার মুখের গোচরে। কেননা
আমারদের সর্ব্ব দিন বহিয়া যাইতেছে তোমার
ক্রোধে আমারদের বৎসর ব্যয় হয় কাহিনির
১০ মত। আমারদের পরমায়ু সত্তরি বৎসর যদি
বলের জন্য অশি বৎসর হয় তথাপি তাহারদের
শেষ দুঃখ ও দুর্ব্বলতা কেননা শীঘ্র কাটা হইলে
১১ আমরা উড়িয়া যাই। তোমার ক্রোধের শক্তি
কে জানে যেমন তোমার ভয় তেমন তোমার

১২ শ্লোক। আমারদের দিনের গনন করন জ্ঞান দেও যেন আমারদের অন্তঃকরণে জ্ঞান লাগিবে।
১৩ হে যিহুহা কতকাল ফির সান্ত্বনা কর তোমার
১৪ দাসেরদিগকে। ভোরে তোমার কৃপা পরিতোষ কর আমারদিগকে যেন আমরা উল্লাসিত হইব ও
১৫ আনন্দ করিব আমারদের সকল প্রমায়ু। যত দিন দুঃখ দিয়াছ তত দিন হর্ষিত করাও আমারদিগকে
১৬ আমরাই ক্লেশ ব-সর দেখিয়াছি। দেখাও তোমার ক্রিয়া তোমার লোককে ও তোমার তেজ তাহারদের
১৭ সন্তানেরদিগকে। যিহুহা আমারদের ঈশ্বরের সৌন্দর্য্যতা হউক আমারদের উপর আমারদের হাতের কার্য্য স্থির কর আমারদের উপর বটে আমারদের হাতের কার্য্যই স্থির কর।

গীত যে বাস করে সর্ব্বোচ্চের গুপ্ত স্থানে সে
৯১ বসতি করিবে সর্ব্বশক্তির ছায়ায়। আমি কহিবে যিহুহাকে তুমি আমার আশ্রয় ও আমার রক্ষক আমার ঈশ্বর আমি বিশ্বাস করিব তাহার।
৩ অবশ্য তিনি রক্ষা করিবেন তোমাকে সিকারীর
৪ ফাঁদ হইতে এবং নাশক মরক হইতে তাহার পাখার ছায়ায় রাখিবেন তোমাকে এবং তোমার ভরসা হইবে তাহার পাখালির নিচে তাহার সত্যতা
৫ হইবে তোমার ঢালাদি। রাত্রের ভয়কে ভীত হইবা
৬ না কিম্বা দিনে উড়নীয় বানের জন্য কিম্বা অন্ধকার
৭ গামী মরক ও মধ্যাহ্ননাশক হত্যাথে। তোমার

বগলে সহস্র পড়িবে ও অযুৎ তোমার দক্ষিনে কিন্তু
৮ তোমার নিকটে আসিবে না। কেবল তোমার
চক্ষুতে দৃষ্টি করিবা ও দেখিবা দুষ্টি লোকের ফল।
৯ তুমি য়িহহা আমার ভরসা সর্ব্বোর্দ্ধাস্ককেই করিয়াছ
১০ তোমার বসতি অতএব কোন আপদ পড়িবে
না তোমার উপর পিড়া ও আসিবে না তোমার
১১ গৃহের নিকটে। তিনি তাঁহার দুতকে আজ্ঞা
দিবেন তোমার বিষয় তোমাকে তোমার সকল গমনে
১২ রক্ষা করিতে। তাহারা হাতে করিয়া বহিবে
১৩ তোমাকে পাছে তোমার পা পাথরে লাগে। তুমি পা
দিবা সিংহ ও সর্পের উপর ছোট সিংহ ও নাগকে
১৪ দলাইয়া ফেলিবা। তিনি প্রেম করেন আমাকে
তেকারন পরিত্রান করিব তাহাকে আমি উঠাইব
১৫ তাহাকে কেননা সে জানে আমার নাম। সে নিবেদন
করিবে আমার স্থানে ও আমি শুনিব তাহার কথা
দুঃখে আমি হইব তাহার সাতি আমি পরিত্রান ও
১৬ সম্ভ্রান্ত করিব তাহাকে। বহুত আয়ুতে পরিতোষ
করিব তাহাকে এবং আমার ত্রান দেখাইব
তাহাকে।

৯২ এক গাইবার গীত শাবত দিনের নিমিত্ত।

গীত ৯২ য়িহহার স্তব করন ও তোমার নামে গান করন
ভাল হে সর্ব্বোর্দ্ধাস্ক! তোমার দয়া প্রাতে প্রকাশ
৩ করন ও তোমার বিশ্বাস রাত্রিতে দশতার ও নবল
৪ বাজানেতে ও বীনে ঘোর শব্দ করিয়া। কেননা হে

৯২ দ্বানবতীয় গীত।

যিহুহা তুমি হরিষ করাইয়াছ আমাকে তোমার
ক্রিয়াতে তোমার হস্তের কর্ম্মে উল্লাসিত হই
৫ হে যিহুহা তোমার কেমন মহা কার্য্য তোমার
৬ মনের উদ্ভব অতি গভীর। ব্যাকুল মানুষ ইহা জানে
৭ না ও অজ্ঞান তাহা বুঝে না। যখন পাপির তৃণের
মত বাড়ে এবং সকল দুষ্ট কারক বাড়ে তাহাই
৮ তাহারদের ঘলোগানা উপড়ন হওয়ের কারণ। কিন্তু
৯ তুমি হে যিহুহ সদাকাল পৌরুষ্য। কেননা
হে যিহুহা দেখ তোমার শত্রুরা দেখ তোমার শত্রুরা
১০ সংহার হইবে সকল কুকর্ম্মী ভিন্ন২ হইবে। কিন্তু
আমার শৃঙ্গ উঠাইতে হইবে গণ্ডারের শৃঙ্গের মত
১১ তুমি তাজা তৈল মাখাইবা আমাকে। এবং
আমার চক্ষু দৃষ্ট করিবে আমার শত্রুগণের উপর
আমার কর্ণ ও শুনিবে পাপিদের বিষয় যাহারা উঠে
১২ আমার বিপরিতে। ধার্ম্মিক বাড়িবে তাল বৃক্ষের
মত তাহারা বাড়িবে লবাননের আরজ বৃক্ষের
১৩ ন্যায়। যাহারা রোপন হইয়াছে যিহুহার ঘরে তাহারা
১৪ বাড়িবে আমারদের ঈশ্বরের উঠানে। তাহারা
বৃদ্ধকালে বাড়িবে তাহারা হইবে তাজা ও সবুজ
১৫ প্রকাশ করিতে যে যিহুহা পুণ্যাধিক তিনি আমার
পর্ব্বত তাহার অপকৃতার্থ নহে।

গীত যিহুহা কর্তৃত্ব করেন তিনি মহত্ত্বে পরিবৃত
৯৩ আছেন। যিহুহা স্ববাস্তু পরাক্রমে পরিবেষ্টিত হইয়া
জেন পৃথিবী ও স্থির করিয়াছেন যেন লড়িত হইতে

২ পারিবে না। তোমার সিংহাসন পূর্ব্বাবধি স্থির
৩ আছে তুমি প্রথমাবধি। হে যিহুহা বন্যা উঠাইয়াছে
বন্যা তাহারদের শব্দ উঠাইয়াছে বন্যা বড়ই ঢেউ
৪ করিয়াছে। অনেক জলের শব্দ ও সমুদ্রের মহা
৫ ঢেউ হইতে বলবান যিহুহা সর্ব্বাধ্যক্ষ। তোমার
সাক্ষ্যের কথা অতি স্থির হে যিহুহা তোমার ঘরে
ধর্ম্মের সৌন্দর্য্যতা সদা সর্ব্বক্ষণে।

গীতি ৯৪। হে যিহুহা প্রভু দাওয়াকর্ত্তা হে প্রভু দাওয়াকর্ত্তা
প্রসন্ন হও। হে পৃথিবীর বিচারকর্ত্তা উঠ অহঙ্কারী
৩ লোকেরদের প্রতিফল দেহ। হে যিহুহা পামর
লোক কতকাল দুষ্টেরা কতকাল জয় করিবে।
৪ তাহারা কঠিন কথা কহে ও বাহির করে কুকর্ত্তারা
৫ সকল আপনারদের দর্প কথা কহে। হে যিহুহা
তাহারা ছিড়িয়া ফেলে তোমার লোককে ও দুঃখ
৬ দেয় তোমার অধিকারে। তাহারা খুন করে বিধবা
ও বিদেশীকে ও পিতাহীনেরদিগকে বধ করে।
৭ কিন্তু তাহারা বলে যিহা দেখেন না যাঁকুবের ঈশ্বর
৮ বুঝেন না। হে লোকের মধ্যে মূর্খ তোমরা
বুঝ হে অজ্ঞানেরা তোমরা জ্ঞানবান হইবা কখন।
৯ যিনি কর্ণ কল্পিলেন তিনি কি শুনিতে পান না যিনি
চক্ষু সৃষ্টি করিলেন তিনি কি দেখিতে পান না।
১০ যিনি অন্য বর্ণেরদের শাসক তিনি কি শাস্তি দিবেন
না। যিনি মানুষেরদের জ্ঞানদ তিনি কি জানিতে

১১ পান না। যিহ্বহা জানেন যে মানুষের মনের গুড়ু
১২ কিছু নহে। হে যিহা যে জন তুমি শিক্ষাই
তেছ ও তোমার ব্যবস্থা জ্ঞান দিতেছ সেই ধন্য
১৩ তাহাকে দুঃখের দিনে সুখ দেওনার্থে পাপিরের
১৪ দিগকে ধরনার্থে খাদ খনন পর্য্যন্ত। কেননা
যিহ্বহা ছাড়িয়া না দিবেন নিজ লোকেরদিগকে
১৫ ও আপনার অধিকার ত্যাগ করিবেন না। অবশ্য
বিচার করণ ফিরিবে পুকৃতার্থেতে ও সকল সরলান্তঃ
১৬ করণীয়েরা তাহার পশ্চাৎবর্ত্তি হবে। কেডা উঠিবে
আমার পক্ষে হিংসুকেরদের বিপক্ষেতে কেডা
দাণ্ডাইবে আমার সহিত অযথার্থকেরদের বিপরিতে।
১৭ যিহ্বহা যদি আমার উপকারী না হইতেন তবে
১৮ আমার প্রাণ চুপ করিয়া বাস করিত। আমরা পা
পিছলি পড়ে আমি এ কথা কহিবা মাত্র তোমার দয়া
১৯ হে যিহ্বহা রক্ষা করিল আমাকে। আমার অন্তরে
অনেক ভাবিত হইলে তোমার শান্তনা হৃষ্ট করায়
২০ আমার মন। দুষ্ট লোক যাহারা ব্যবস্থা করিয়া
দোষ করে তাহারদের সিংহাসন কি তোমার সহ
২১ প্রীতি করিবে। তাহারা দৌড়ে ধার্ম্মিকের প্রাণের
২২ উপর ও অহিংসক লোককে শাজা দেয়। যিহ্বহা
আছে আমার রক্ষক ও আমার ঈশ্বর আমার
২৩ আশ্রয় পর্ব্বৎ। তিনি আপনারদের অযথার্থ ফল
দিবেন তাহারদের উপর তিনি তাহারদের অযথার্থে
ছেদন করিবেন তাহারদিগকে বটে যিহ্বহা আমার
দের ঈশ্বর কাটিয়া ফেলিবেন তাহারদিগকে।

গীত ৯৫ আইস আমরা য়িহুহার কাছে গীত গাইব আমরা
হৃষ্ট হইব আমারদের ত্রাণ পর্ব্বতের কাছে । আমরা
প্রাপ্ত মঙ্গল স্বীকার করিতে যাই তাহার সাক্ষাতে
আমরা গীত গাইতে হরিষ শব্দ করি তাহার স্থানে ।
৩ কেননা য়িহুহা মহা প্রভু ও মহা রাজা সকল দেবের
৪ দের ওপর । পৃথিবীর সকল গুপ্ত স্থান তাহার
৫ হাতে ও পর্ব্বতের মাথা তাহার । সমুদ্র তাহার
তিনি ও তাহা সৃজন করিলেন তাহার হাত ও শুষ্ক
৬ ভূমি নির্ম্মাণ করিল । আইস আমরা পূজা করি
ও প্রণাম করি ও হাটু গাড়ি য়িহুহা আমারদের
৭ সৃজকের সাক্ষাত । কেননা তিনি আমারদের
ঈশ্বর আমরা ও তাহার মাঠস্থ লোক ও তাহার
হাতস্থ মেষ । আজি যদি তাহার কথা শুনিতে চাহ
৮ তোমারদের অন্তঃকরণ কঠিন কর না যেমন মরিবায়
৯ ও যেমন অরণ্যের মসার দিনে যে স্থানে তোমার
পিতৃরা আমার পরিক্ষা লইল তজবিজ করিল
১০ আমাকে ও আমার ক্রিয়া দেখিল । চল্লিশ বৎসর
আমি সহিলাম এ পুরুষ ও বলিলাম এ এক লোক
যে অন্তঃকরণে নিত্য চুক করে তাহারা ও আমার পথ
১১ জানিল না । তাহারদিগকে আমি ক্রুদ্ধ হইয়া কিরা করি
লাম যে তাহারা প্রবেশ করিবে না আমার বিশ্রামে ।

গীত ৯৬ নূতন গীত গাও য়িহুহার স্থানে হে সমস্ত পৃথিবীস্থ
গীত গাও য়িহুহার স্থানে । গীত গাও য়িহুহার
স্তুতি তাহার নামের আশীষ কহ দিন বদিন

৩ তাহার ত্রাণ প্রকাশ কর। তাহার নাম বহ দের
পূজকেরদের মধ্যে তাহার আশ্চর্য্য ও সকল লোকের
৪ দের ঠাঁই। কেননা য়িহুহা মহা ও মহাস্তাব্য
৫ তিনি সকল দেবেরদিগ হইতে ভেতব্য। লোকের
সকল দেবগণ শূন্যতা মাত্র কিন্তু য়িহুহা স্বর্গ নির্মান
৬ করিলেন। মর্য্যাদা ও সম্ভ্রম তাহার গোচরে বল
৭ ও সৌন্দর্য্যতা তাহার ধর্ম্ম স্থানে। হে লোকেরদের
কুটুম্বেরা য়িহুহাকে দেহ তেজ ও বল প্রশংসা দেহ
৮ য়িহুহাকে। য়িহুহাকে তাহার নামের উচিৎ সম্ভ্রম
৯ দেহ নজর লইয়া প্রবেশ কর তাহার উঠানে। ধর্ম্মের
সৌন্দর্য্যতে প্রনাম কর য়িহুহার স্থানে সমস্ত
১০ পৃথিবীরে ভয় কর তাহার গোচরে। সকল
বর্নেরদের মধ্যে কহ যে য়িহুহা কর্তৃত্ব করেন
সংসার ও স্থির হইয়াছে যেমন নড়ে না তিনি
১১ লোকেরদের প্রকৃত বিচার করিবেন। স্বর্গ আনন্দিত
হওক পৃথিবী হৃষ্ট সমুদ্র এবং তাহার মধ্যে যে সমস্ত
১২ গর্জুক। ক্ষেত্র ও তাহার মধ্যের সমস্ত আহ্লাদিত
হওক তখন বনের সকল বৃক্ষ পুলোকিত হইবে
১৩ য়িহুহার আগে কেননা তিনি আসিতেছেন তিনি আসি
তেছেন পৃথিবী বিচার করিবাতে তিনি সংসারের
বিচার করিবেন প্রকৃত মত ও নিজ লোক সত্যতাতে।

গীত য়িহুহা কর্তৃত্ব করেন পৃথিবী আনন্দিত হওক
৯৭ উপদ্বীপগন উল্লাসিত হওক। মেঘ ও অন্ধকার তাহার
চতুর্দ্দিগে ধর্ম্ম ও প্রকৃতার্থ তাহার সিংহাসনের

## ৯৭ সপ্তানবতীয় গীত।—

৩ মূল। আসিল তাঁহার অগ্রগামী ও যাইয়া
৪ জ্বালে তাঁহার চতুর্দ্দিকস্থ শত্রুরদিগকে। তাঁহার
বিদ্যুত আলো করিল জগতে পৃথিবী তাহা দেখিয়া
৫ কাঁপিল পর্ব্বতগন মোমের মত গলিয়া গেল যিহুহার
বিদ্যমানে সমস্ত পৃথিবীর যিহুহার বিদ্যমানেই।
৬ স্বর্গগন প্রকাশ করিল তাঁহার ধর্ম্ম ও সমস্ত লোক
৭ তাঁহার তেজ দেখিতে পায়। সকল খোদকারি প্রতিমা
পূজকেরা ও যাহারা শূন্যতায় দর্প তাহারা লজ্জিত
৮ হওক হে সকল দেবতা প্রনাম কর তাঁহার কাছে। হে
যিহুহা জীয়ন শুনিয়া হৃষ্ট ও যিহোদার কন্যা উল্লাসিত
৯ ছিল তোমার বিচারের কারণে। কেননা তুমি
হে যিহুহা সকল পৃথিবীর অধ্যক্ষ তুমি অত্যোত্তম
১০ সকল দেবতা হইতে। হে যিহুহা প্রেমকেরা কুক্রিয়া
ঘৃনা কর তিনি রক্ষা করেন তাঁহার পুন্যবানেরদের প্রান
তিনি পরিত্রান করেন তাহারদিগকে দুষ্টেরদের হাত
১১ হইতে। আলো বুনা গিয়াছে ধার্ম্মিকেরদের
কারণ ও আহ্লাদ সাধ্বান্তঃকরণীয়েরদের কারণ।
১২ ধার্ম্মিক লোকেরে আনন্দ কর যিহুহায় ও প্রাপ্ত
মঙ্গল স্বীকার কর তাঁহার ধর্ম্ম স্মরণেতে।—

## এক গীত।—

গীত নূতন এক গীত গাও যিহুহার স্থানে কেননা তিনি
৯৮ করিয়াছেন আশ্চর্য্য ক্রিয়া আপনার দক্ষিণ হস্ত ও
২ বীর্য্য ভুজে জয় করিয়াছেন। যিহুহা জানাইলেন
তাঁহার ত্রান তিনি নিজ ধর্ম্ম প্রকাশ করিয়াছেন

৩ সকল বর্গেরদের দৃষ্টে। তিনি স্মরণ করিয়াছেন
আপনার অনুগ্রহ ও সত্যতা য়িশ্রায়েলের বংশের
দিগে পৃথিবীর সব্ব সীমা দেখিতে পাইয়াছে
৪ আমারদের ঈশ্বরের ত্রান। হে সকল পৃথিবীয় আনন্দ
কর য়িহুহায় চেচাও স্তব কর ও গীত গাও বীন লইয়া
৫ গীত গাও য়িহুহার স্থানে বীন বাজাইয়া ও গীত করিয়া
৬ ভেরি ও তুরী বাজানেতে য়িহুহা রাজার বিদ্যমান
৭ আনন্দিত হও। সমুদ্র ও তাহার সামগ্রী শব্দ করুক
৮ সংসার ও তাহার গৃহস্থ। বর্গেরা হাত তালি দিউক
৯ পর্ব্বতগন উল্লাষিত হউক য়িহুহার বিদ্যমানে কেননা
তিনি আসিয়াছেন পৃথিবীর বিচার করিতে তি নিজা
তের বিচার ধর্ম্মে করিবেন ও লোকেদের প্রকৃত মত।

গীত ৯৯ য়িহুহা কর্ত্তৃত্ব করেন লোকেরা কাঁপুক তিনি
বসিতেছেন খেরবীরদের মধ্যখানে পৃথিবী নড়ুক।
জীয়নের মধ্যে য়িহুহা মহৎ ও তিনি সম্ভ্রান্ত
৩ সকল লোকের উপর। তাহারা স্বীকার করিবে
তোমার মহা ও আশ্চর্য্য নাম কেননা তাহাই ধর্ম্ম।
৪ রাজার বল ও বিচার ভালবাসে তুমি প্রকৃতার্থ স্থির
করিয়াছ তুমি বিচার ও ধর্ম্ম করিয়াছ যাকুবে।
৫ য়িহুহা আমারদের ঈশ্বরের নাম কর প্রনাম কর
৬ তাহার পদাসনের কাছে তিনিই ধর্ম্ম। তাহার যাজ
কেরদের মধ্যে মোশা ও আহারন যাহারা নিবেদন
করে তাহার নামে তাহারদের মধ্যে শামুএল ইহারা
নিবেদন করিল য়িহুহার ঠাঁই ও তিনি শুনিলেন তাহার

৭ দের কথা।   তিনি মেঘের স্তম্ভ থাকিয়া কথা
কহিলেন তাঁহারদের সহিত তাহারা পালন করিল
তাঁহার সাক্ষ্যার্থ কথা ও সে ব্যবস্থা যাহা দিয়াছেন
৮ তাহারদিগকে।   হে য়িহুহা আমারদের ঈশ্বর
তুমি শুনিয়াছ তাহারদিগকে তুমি তাহারদের মনের
ওদ্ভবের শাস্তি দিল কিন্তু ছিলা দয়ালু প্রভু। য়িহুহা
৯ আমারদের ঈশ্বরের সম্ভ্রম কর প্রণাম কর
তোমরা তাঁহার ধর্ম্মের পর্ব্বতের কাছে কেননা
য়িহুহা আমারদের ঈশ্বর আছেন ধর্ম্ম।

প্রাপ্ত মঙ্গল স্বীকার করনের গীত।

গীত ১০০ হে সকল পৃথিবীস্থ আনন্দিত হও য়িহুহার স্থানে।
হৃষ্ট মনে য়িহুহার সেবা কর উল্লাষিত হইয়া
৩ আইস তাঁহার সাক্ষাতে। জানহ যে য়িহুহা আছেন
ঈশ্বর তিনি নির্ম্মান করিয়াছেন আমারদিগকে ও
আমরা স্বসৃষ্টিত হইলাম না আমরা তাঁহার লোক
৪ ও তাঁহার মাটিস্থ মেষ প্রাপ্ত মঙ্গল স্বীকার করনেতে
প্রবেশ কর তাহার দ্বারে ও স্তুতি করনেতে তাহার
ওঠানে প্রাপ্ত মঙ্গল স্বীকার কর তাহার স্থানে ও তাঁহার
৫ নামের আশীর্ব্বাদ কহ। কেননা য়িহুহা ভদ্র তাঁহার
অনুগ্রহ নিত্য ও তাঁহার সত্যতা সর্ব্ব পুরুষানুক্রমে।

দাঔদের এক গীত।

গীত ১০১ আমি দয়া ও বিচারের গান করিব তোমার ঠাঁই
গাইব হে য়িহুহা।   আমি বিবেচনা করিয়া
সোজা পথে চলিব কখন আসিবা আমার

কাছে আমি গৃহেতে সান্বিঃন্তকরণে আচারিব ।
৩ কুকথা থুইব না আমার দৃষ্টে আমি ঘৃণা করন
৪ ঘৃণা করি তাহা থাকিবে না আমার সহিত । দুষ্ট
অন্তঃকরণ যাইবেক আমা হইতে আমি কুকর্ত্তা
৫ জানিব না । যে জন আপনার দোস্তের কুনামি গুপ্তে
কহে তাহাকে মারিয়া ফেলাইব যে জন অহঙ্কারী
দৃষ্টি ও বড় হইবার অন্তঃকরণী তাহার সহিত থাইব
৬ না । আমার দৃষ্টি হবে দেশের বিশ্বাসী লোকের
উপর তাহারদিগকে বসিতে দিব আমার সহিত যে
সোজা পথে চলে তাহাকে আমার কার্য্যে পদার্পন
৭ করিব । ভুকুটি যে করে সে রহিবে না আমার
ঘরে মিথ্যা কথা যে কহে সে আমার সাক্ষাতে
৮ থাকিতে দিব না । আমি শীঘ্র কাটিয়া ফেলিব দেশের
সকল দুষ্ট লোকেরদিগকে যেন সকল কুকর্ত্তার
দিগকে মারিয়া ফেলিতে পারি যিহুহার সহর হইতে ।

দুঃখিত লোকের নিবেদন যখন বিরুদ্ধ কালে
দুর্ব্বল হইয়া কামনা করে যিহুহার স্থানে ।

গীত হে যিহুহা শুন আমার নিবেদন আমার চেঁচান
১০২ যেন আইসে তোমার কাছে । তোমার মুখ গুপ্ত
রাখিও না আমা হইতে আমার দুঃখের দিনে শুন
আমার কথা যে দিন আমি ডাকি সে দিনে শীঘ্র
৩ করিয়া অবধান কর আমাকে । কেননা আমার দিন
ধূমের মত বহিয়া গেল এবং আমার অস্থি চুলার মত
৪ পুড়িয়া গেল । আমার অন্তকরণ তৃণের মত ম্লান

হইয়াছি আমার হৃদয় ও শুষ্ক হইয়াছে তেকারন
৫ আহার করিতে বিস্মৃত। আমার কোঁকান শব্দেতে
৬ আমার হাড় চর্ম্মে লাগিয়া থাকে। আমি
হইয়াছি যেমন তেলগুড়গুড়িয়া বনের মধ্যে
৭ ও যেমন ভুতুম পেঁচা নিরালয় স্থানে। আমি জাগ্রত
থাকিলাম আমি ছিলাম ছাতের ওপরের চটকের ন্যায়
৮ আমার শত্রু সারা দিন লজ্জা দিতেছেন আমার ওপর
যাহারা আমার হিংসার্থে মত্ত তাহারা ও কিরা
৯ করিয়াছে আমার বিপরিতে। আমি ছাই খাইয়াছি
রুটির মত ও পীবার সহিত ক্রন্দন মিশিয়াছি তোমার
১০ কোপ ও ক্রোধের জন্যে কেননা তুমি আমাকে তুলি
১১ য়াছ এবং অধঃপতন করিয়াছ। আমার দিন বহিয়া
১২ যাই ছায়ার মত আমি শুষ্ক যাইতেছি তৃনের মত। কিন্তু
হে যিহুহা তোমার স্থিতি সদাকাল তোমার যশ ও
১৩ পুরুষং আনুক্রমে। আপনি ওঠিয়া দয়া করুন চীয়নের
ওপর কেননা তাহার দয়া করিবার সময় হইয়াছে
১৪ বাটে নিরুপিত কাল হইয়াছে। কেননা তোমার
দাসেরা তাহার পাথর দয়া করিতেছে তাহার ধুলা
১৫ ও অনুগ্রহ করিতেছে। বর্ণগনেরা ও ভয় করিবে
যিহুহার নাম এবং পৃথিবীর সকল রাজা তোমার
১৬ তেজ। কেননা যিহুহা গাঠিবেন চীয়ন তিনি আপনার
১৭ তেজে প্রসন্ন হইবেন। তিনি অনাথেরদের নিবেদন
শুনিবেন তাহারদের নিবেদন ও তুচ্ছ করিবেন না।
১৮ ইহা লেখিতে হইবে ভবিষ্যৎ পুরুষের কারন ও

যাহারদের সৃজন হইবে তাহারা য়িহুহার স্তব করিবে।
১৯ কেননা তিনি দৃষ্ট করিলেন আপনার ধর্ম্মস্থানের
উর্দ্ধতা থাকিয়া য়িহুহা স্বর্গ থাকিয়া দৃষ্টি করিলেন
২০ পৃথিবীতে বন্ধিতেরদের কোঁকান শুনার্থে বধ্যের
২১ দিগকে ও মুক্ত করনার্থে। যেন তাহারা য়িহুহার
নাম কহে চীয়নে ও তাহার স্তুতি য়িরোশলমে
২২ যখন লোক ও বর্গেরদের সভা হয় য়িহুহার সেবা
২৩ করনের জন্য। তুমি পথে আমার বল কমি করিয়াছ
২৪ আমার দিন ও খাটো করিয়াছে। আমি কহিয়াছি
হে আমার ঈশ্বর আয়ুর মধ্যে আমার শেষ
২৫ করিও না তোমার বৎসর সর্ব্ব পুরুষানুক্রমে। তুমি
পূর্ব্বে পৃথিবী স্থাপন করিয়াছ এবং স্বর্গ তোমার
২৬ হস্তকৃত। তাহারদের ক্ষয় হইবে কিন্তু তুমি স্থির
থাকিবা বটে তাহারা সকল পুরান হইয়া যাবে বস্ত্রের
ন্যায় ও তুমি বস্ত্রের মত তাহারদিগকে অন্য করিবা
২৭ ও তাহারা অন্য মত হইবে। কিন্তু তুমি নিত্য ও
২৮ তোমার বৎসরের শেষ হইবে না। তোমার দাসের
সন্তান স্থিতি করিবে তাহারদের সন্তান ও স্থির
হইবে তোমার গোচরে।—

দাওদের গীত।—

গীত হে আমার মন য়িহুহার কাছে আশীর্ব্বাদ
১০৩ স্বীকার কর আমার অন্তরে ও যাহাং আছি তাহা
২ তাহার ধর্ম্ম নামের স্তুতি করুক। আরে আমার
মন য়িহুহার কাছে আশীষ স্বীকার কর তিনি
যে সকল মঙ্গল করিয়াছেন তাহাও বিস্মৃতি হইও

৩ না। তিনি মাফ করেন তোমার সকল পাপ এবং সুস্থ
৪ করেন তোমার সকল দুর্ব্বলতা। তিনি মুক্ত
করেন তোমার প্রাণ সর্ব্বনাশ হইতে এবং দয়া
৫ ও কৃপা মুকুট পরান তোমাকে। তিনি উত্তম বস্তুতে
তোমার মুখ পরিতোষ করেন যেন তোমার যুবাকাল
